

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর তাকে তিনি শিখিয়ে দেবেন কিভাবে, হিকমত, তওরাত, ইঞ্জিল।
সূরা আল ইমরান ৪৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ১৮ জুন ২০২৬ ॥ ০২ মহররম ১৪৪৮ ॥ ০৪ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ০৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট

গ্যাম্বুয়া সিমেন্ট

হাইড্রোলিক প্রযুক্তি

সেবা : ০২৯১০০৬৬৬৪৪, ০২৭১১০২৭৭০৪



যারা বাজেটকে জনবিরোধী বলেন তারা বন্ধু না : প্রধানমন্ত্রী



দেশের ৭৫টি কারাগারে ধারণক্ষমতার ১.৭ গুণ বন্দি আটক : স্বরাষ্ট্রমন্ত্রী



স্বাধীন গণমাধ্যম কমিশন গঠনের লক্ষ্যে সরকার কাজ করছে : তথ্যমন্ত্রী



২০২৭ সালে শিক্ষাব্যবস্থায় সংস্কার শুরু করবো: শিক্ষামন্ত্রী

বিগত ৩ মাসে সিটি প্রশাসকের প্রশংনীয় উদ্যোগ, আশাবাদী নগরবাসী

এম জামান

বরিশালের পৌর কিংবা সিটিকর্পোরেশনের ইতিহাসে প্রথম নারী প্রশাসক হিসাবে দায়িত্ব নিয়ে আড. বিলকিস আক্তার জাহান শিরীন নগরবাসীর উদ্দেশ্যে দেয়া তার প্রথম বক্তব্যে বলেছিলেন, ‘আমি প্রশাসক নই, জনগণের সেবক হতে চাই। এজন্য দরকার সবার সহযোগিতা। সবার সহযোগিতা ও পরামর্শ নিয়ে আমরা একটি সুন্দর সিটি কর্পোরেশন গড়তে চাই।’ আর এ বক্তব্যকে শুধু বক্তব্যের মধ্যে সীমাবদ্ধ না রেখে তা বাস্তবায়নে প্রথম দিন থেকেই একের পর এক কর্মসূচি হাতে নিয়ে এবং তা বাস্তবায়নে সচেষ্ট রয়েছেন যা গত তিন মাসে নগরবাসী প্রত্যক্ষ করছেন। নগরীর ১ থেকে ৩০ নম্বর ওয়ার্ডের সমস্যাযুক্ত প্রতিটি জায়গায় তিনি শুরু থেকে চষে বেড়িয়েছেন দিনরাত। ভাড়াচোররা রাস্তা সংস্কারে নগরজুড়ে তার একের পর এক পদক্ষেপ নগররবাসীকে রীতিমত চমক দেখিয়েছে। দায়িত্ব নেয়ার পরপরই তিনি বরিশালকে পরিচ্ছন্ন সিটি হিসাবে গড়ে তুলতে নানান উদ্যোগ গ্রহণ করেন।

চালু করার উদ্যোগকে সফলতায় রূপান্তর করেন। এছাড়াও বরিশালের মানুষের দীর্ঘ দিনের দাবি পূরণে তিনি নগরীতে একাধিক ফুটওভার ব্রিজ নির্মাণের উদ্যোগ নেন। এসব ফুটওভার ব্রিজ চালু হলে বরিশাল নগরীতে দুর্ঘটনার হার অনেক ২ এর পাতায় দেখুন

সীমান্তে ভারতের পুশ-ইন নিয়ে হিউম্যান রাইটস ওয়াচের উদ্বেগ

কীর্তনখোলা ডেস্ক

ভারতের পশ্চিমবঙ্গ থেকে জাতিগত বাঙালি, বিশেষ করে মুসলিম সম্প্রদায়ের মানুষদের যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ না করে বাংলাদেশে জোরপূর্বক ঠেলে দেওয়ার (পুশ-ইন) কথা উদ্বেগ করে এ বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। বুধবার (১৭ জুন) এক প্রতিবেদনে সংস্থাটি বলেছে, ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) ও বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীর (রিজিবি) পাক্ষিপাক্ষি অবস্থানের কারণে বহু পরিবার সীমান্তের ‘জিরো লাইনে’ মানববতর পরিস্থিতিতে আটকা পড়েছে। প্রতিবেদনে এইচআরডব্লিউ জানায়, চলতি মাসের ১ জুন থেকে বাংলাদেশে দুই শতাধিক মানুষকে ঠেলে দেওয়ার অন্তত ২১টি চেষ্টা প্রতিহত করেছে বিজিবি। এসব মানুষের ২ এর পাতায় দেখুন

স্যাটেলাইটে ধরা পড়ল পৃথিবীর ১০ পানির উৎসের ভয়াবহ সংকট

কীর্তনখোলা ডেস্ক

জলবায়ু পরিবর্তনের প্রভাবে বিশ্বব্যাপী বাড়ছে তাপমাত্রা। এতে করে পরিবর্তন হচ্ছে সামগ্রিক পরিবেশ। বৈশ্বিক উষ্ণায়নের ফলে শুকিয়ে যাচ্ছে সুপেয় পানির নানা উৎস। স্যাটেলাইট ইমেজে এসব পরিবর্তন ধরা পড়েছে। বুধবার (১৭ জুন) আলজাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বিশ্বব্যাংকের ২০২৫ সালের এক প্রতিবেদন বলছে, প্রতি বছর পৃথিবীতে প্রায় ৬২৪ ট্রিলিয়ন লিটার সুপেয় পানি শুকিয়ে যাচ্ছে। এর মাধ্যমে বছরে ২৮ কোটি মানুষের চাহিদা মেটানো সম্ভব। এটিতে বিজ্ঞানের ভাষায় ‘মহাদেশীয় শুষ্কতা’ বলে উদ্বেগ করা হয়েছে। ভয়াবহ খরা এবং পানি ও ভূমির টেকসই ব্যবহার না করার ফলে এমন পরিবর্তন দেখা দিয়েছে। আল জাজিরা বিশ্বের ১০টি স্থানের চিত্র তুলে ধরেছে। এসব জায়গায় হ্রদ, নদী ও বাঁধের পানি জমাগত শুকিয়ে স্কেচচিত হয়ে আসছে। ১. পারানা নদী ৩ এর পাতায় দেখুন

বরিশালে তিন চাকা যানের ভাড়া বৃদ্ধি, বিপাকে যাত্রীরা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীতে তিন চাকা যানের (হলুদ অটোরিকশা, সিএনজিচালিত অটোরিকশা ও মাহিন্দা) ভাড়া হঠাৎ করে ৫ টাকা বৃদ্ধি করার চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ

যাত্রীরা। বিভিন্ন রুটে নতুন ভাড়ার তালিকা যানবাহনে টাঙিয়ে দেওয়া হলেও বরিশাল সিটি কর্পোরেশন (বিসিসি) জানিয়েছে, তারা এখনো কোনো টাকা ভাড়ার সিদ্ধান্ত নেয়নি। জানা গেছে, গত দুই দিন ধরে

নগরীর বিভিন্ন রুটে বাড়তি ভাড়া আদায় করছে তিন চাকা যানের চালকরা। আগে চৌমাথা থেকে নতুল্লাবাদ বাস টার্মিনাল পর্যন্ত ৫ টাকা ভাড়া থাকলেও বর্তমানে ১০ টাকা দাবি করছেন ২ এর পাতায় দেখুন

প্রতিদিন বাড়ছে ডেঙ্গু রোগী, উদ্বেগে ঝালকাঠির স্বাস্থ্য বিভাগ

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে বাড়ছে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা। প্রতিদিনই নতুন রোগী শনাক্ত হওয়ায় জেলা শহরের সাতটি এলাকাকে ঝুঁকিপূর্ণ চিহ্নিত করেছে স্বাস্থ্য বিভাগ। চলতি মৌসুমে দুই শতাধিক রোগী জেলার বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। বর্ষা মৌসুম শুরু হতেই ঝালকাঠিতে বাড়তে শুরু করেছে ডেঙ্গুর প্রকোপ। বিভিন্ন উপজেলা থেকে প্রতিদিনই হাসপাতালে ভর্তি হচ্ছে নতুন রোগী। রোগী বৃদ্ধির কারণে জেলার কাটপাট, বান্দা ঘাট, বাঁশপাট, কলাবাগান, সৈশন রোড, সিটি পার্ক ও ফকির বাড়ি এলাকাকে ডেঙ্গুর ৩ এর পাতায় দেখুন

সরকারি কলেজ-মাদ্রাসায় অধ্যাপক পদে শূন্যপদের তথ্য চেয়েছে মাউশি

কীর্তনখোলা ডেস্ক

সরকারি কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ (টিটিসি) ও সরকারি আলিয়া মাদ্রাসায় বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহকারী অধ্যাপক পদার্থের শূন্যপদের হালনাগাদ তথ্য চেয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। নির্ধারিত সময়ে তথ্য না পাওয়ায় শিক্ষা মন্ত্রণালয় ও অধিদপ্তরের চলমান বিভিন্ন কার্যক্রমে জটিলতা তৈরি হচ্ছে বলে জানিয়েছে সংস্থাটি। বুধবার (১৭ জুন) এ বিষয়ে একটি চিঠি প্রকাশ করেছে মাউশি। এতে বলা হয়, সরকারি কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ ও সরকারি আলিয়া মাদ্রাসায় সহকারী অধ্যাপক পদার্থের বিষয়াভিত্তিক শূন্যপদের তথ্য হালনাগাদ না থাকায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা ও এর পাতায় দেখুন

হাম পরিস্থিতির মধ্যেই চোখ রাঙাচ্ছে ডেঙ্গু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালজুড়ে হাম-করোনা পরিস্থিতির মধ্যেই নতুন করে চোখ রাঙাচ্ছে ডেঙ্গু। বর্ষা মৌসুম না এতেই হাসপাতালগুলো বেড়েছে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা। স্বাস্থ্য বিভাগের দৈনন্দিন ডেঙ্গু রোগীর পরিসংখ্যান বলছে, বিশেষ করে চলতি বছরের এপ্রিল মাস থেকেই ডেঙ্গু পরিস্থিতি ধীরে ধীরে অবনতি শুরু হয়। চলতি বছরের গত এপ্রিল মাস পর্যন্ত যে সংখ্যক মানুষ ডেঙ্গু আক্রান্ত হয়েছে তার তুলনায় বেশি রোগী আক্রান্ত হয়েছে গত তথ্য এক মাসে। তবে চলতি বছরে ডেঙ্গুতে এখন পর্যন্ত কারো মৃত্যুর খবর নেই স্বাস্থ্য বিভাগে। সম্প্রতি সময়ে বরিশাল অঞ্চলে মক্কে মধ্যে বৃষ্টির কারণে পানি জমে এডিস মশার বিস্তার এবং ডেঙ্গু আক্রান্ত বাড়ছে বলে মনে করছে স্বাস্থ্য বিভাগ। আর আক্রান্তের দিক থেকে এখন পর্যন্ত বরিশাল ৩ এর পাতায় দেখুন

শত শত শিকড়ের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপন্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক ডিভিশনীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পতীশা শিক্ষক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রকাশের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক, সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পতীক্ষক, সরকারি আশেগলবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব ছানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি খানাবাজার, সদর রোড, বরিশাল 01711-264963	অরুণের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অরুণের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ খানাবাজার, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হুতব নলি দে কলকাতা হাউস, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুতব নলি দে কলকাতা হাউস, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলকাতা হাউস 01726-474663	হক লাইব্রেরি বি.এম. কলকাতা হাউস 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলকাতা হাউস 01717-488083

হিজলায় ফ্যামিলি কার্ডের ভার্চুয়াল উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলা উপজেলায় ‘স্বাবলম্বী পরিবার গড়ার প্রতিশ্রুতি’ নিয়ে আনুষ্ঠানিকভাবে ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। বুধবার (১৭ জুন) দুপুরে হিজলা উপজেলা পরিষদ ইদগাহ মাঠে উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের যৌথ আয়োজনে এই উদ্বোধনী অনুষ্ঠান সম্পন্ন হয়। টেকসই উন্নয়নের নতুন দিগন্ত: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান ভার্চুয়াল যুক্ত থেকে ফ্যামিলি কার্ডের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নৌপরিবহন মন্ত্রণালয় ও সেতু বিভাগের প্রথমন্ত্রী মোঃ রাজিব আহসান এমপি। বরিশাল জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোঃ খায়রুল আলম সুমনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার এ জেড এম মোস্তাফিজুর রহমান, সমাজসেবা অধিদপ্তর উপপরিচালক এ কে এম আক্তারুজ্জামান তালুকদার, হিজলা উপজেলা নির্বাহী ৩ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যিকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

কবীভূতনাথখান্দা

আন্তরিকতা প্রদর্শন

মহাসাদকীয় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে

দেশে শিশুশিক্ষার মান নিয়ে সন্তোষ প্রকাশের সুযোগ নেই। দেখা যাচ্ছে, প্রাথমিক বিদ্যালয়ের পাঠপর্ব শেষেও বেশির ভাগ শিক্ষার্থী ন্যূনতম মৌলিক সাক্ষরতা (পড়া, লেখা ও প্রাথমিক গণিত) অর্জন করতে পারছে না। চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে উঠেও অনেক শিশু বাংলা রিডিং পড়তে পারছে না অথবা সাধারণ যোগ-বিয়োগ করতে পারছে না। বাংলাদেশ সরকার, ইউনিসেফ ও গ্লোবাল পার্টনারশিপ ফর এডুকেশনের (জিপিএ) সহযোগিতায় গত রবিবার আয়োজিত এক কর্মশালায় এমন হতাশাজনক চিত্র উঠে এসেছে। খবরে বলা হয়, প্রাথমিক শিক্ষায় প্রবেশাধিকার বাড়লেও শেখার মানে বড় ধরনের ঘাটতি থেকে যাচ্ছে। কর্মশালায় যেসব তথ্যচিত্র ভুলে ধরা হয়েছে, তাতে দেখা গেছে সাত থেকে ১৪ বছর বয়সী শিশুদের মধ্যে মাত্র অর্ধেক মৌলিক সাক্ষরতায় দক্ষতা অর্জন করছে। একই বয়সী শিশুদের মধ্যে মৌলিক গাণিতিক দক্ষতা রয়েছে মাত্র ৪০ শতাংশের। পঞ্চম শ্রেণি শেষ করা শিক্ষার্থীদের প্রায় ৫০ শতাংশের বাহ্যায় এবং ৯০ শতাংশের গণিতে প্রয়োজনীয় দক্ষতা নেই। বিনিয়াদি শিক্ষায় এই ঘাটতির প্রভাব থেকে যাচ্ছে পরবর্তী শিক্ষাজীবনেও। আরো হতাশার দিক হলো, প্রাথমিক শিক্ষায় প্রায় সংকল্পনীয় ভর্তির দাবি করা হলেও এখনো প্রায় ১০ লাখ শিশু স্কুলের গির্জা বাইরে রয়ে গেছে। মাধ্যমিক স্তরে এই সংখ্যা ৩০ থেকে ৪০ লাখ। আমাদের শিক্ষাব্যবস্থার সবচেয়ে বড় দুর্বলতা হলো মুখস্থনির্ভরতা। শিক্ষার্থীদের ওপর বইয়ের বোঝা চাপিয়ে দিয়ে সেগুলো মুখস্থ করাকেই আসল কাজ বলে ধরে নেওয়া হয়। এ ছাড়া কোচিং, প্রাইভেট ও গাইড নির্ভরতা বেড়েই চলেছে। শিক্ষকে সংকট আছই-এর সঙ্গে শিক্ষকের মানও কান্ডক্ষেত্ পর্যায়ে নেওয়া যায়নি। শিক্ষা খাতে প্রয়োজনীয় বরাদ্দ ধরা না, যেটুকু চলে তার বড় অংশই অবকাঠামো, বেসেড-ভাতা বরাদ্দ থাকে যায়। কর্মশালায় প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ জানান, আগামী বছরের মধ্যে দেশে সব প্রাথমিক বিদ্যালয়ে মিনডেট মিল চাচু এবং ধাপে ধাপে সব বিদ্যালয়কে সিঙ্গল শিফটে নিয়ে আসার পরিকল্পনা রয়েছে। পাশাপাশি প্রশিক্ষণ ছাড়া কোনো শিক্ষক যেন শ্রেণিকক্ষে পাঠদান করতে না পারেন, সে লক্ষ্যে উদ্যোগ নেওয়া হবে। আমাদের মান কবির, অর্ধেক শিশু মৌলিক জ্ঞানহীন রেখে একটা দেশের কান্ডক্ষেত্ টেকসই উন্নয়ন অর্জন করা সম্ভব নয়। কান্ডেকে সরকারের নীতিনির্ধারক মল্‌, শিক্ষা মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অংশীজনদের এই সংকটকে অগ্রাধিকার দিয়ে যথাসম্ভব দ্রুত ও বাস্তবমুখী পদক্ষেপ নিতে হবে।

সীমান্তে ভারতের পুশ-ইন

মধ্যে নারী ও শিশুও রয়েছে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সম্প্রতি দাবি করেন, তার সরকারের ‘ডিটেট, ডিজিট আন্ড ডিপো’ নীতির আওতায় শত শত ‘বাংলাদেশি অনুপ্রবেশকারীকে’ আটক করা হয়েছে এবং প্রায় পাঁচ হাজার মানুষকে ‘ফিরে যেতে বাধ্য করা হয়েছে’। হিউম্যান রাইটস ওয়াচের এশিয়া বিভাগের উপ-পরিচালক মীনাঙ্কী গান্ধুলি বলেন, “ভারতীয় কর্তৃপক্ষ পরিবারগুলোকে নির্মমভাবে বাংলাদেশে ঠেলে দিচ্ছে কিব্বা সীমান্তে ফেলে রাখছে, যা তাদের মৌলিক মানবাধিকার লঙ্ঘন করছে। সরকারকে অবিলম্বে এসব অসহ্য বিহঙ্গার বন্ধ করতে হবে এবং ন্যায়িকত্ব যাচাইয়ে বাংলাদেশের সঙ্গে সমন্বয় করতে হবে।” সংশ্লিষ্ট জানিয়েছে, তারা এমন অন্তত নয়জন প্রত্যক্ষদর্শীর সঙ্গে কথা বলেছে, যারা দেখেছেন যে বিএসএফ সদস্যরা গির্জা রাতে বিভিন্ন দলকে কাঁটাতারের বেড়া কেটে বাংলাদেশের ভূখণ্ডে প্রবেশ করিয়ে দেয়। বাংলাদেশের পঞ্চগড় জেলায় গত ৫ জুন ১০ জনকে বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা করলে প্রায় ৭৫ ঘন্টার অচলাবস্থা সৃষ্টি হয়। স্থানীয় বাসিন্দা রুবেল হোসেন জানান, এই ব্যক্তিদের জিরো লাইনে খোলা আকাশের নিচে বৃষ্টি ও বজ্রপাতের মধ্যে রাত কাটতে হয়। একাকি পতাকা বৈঠকের পর বিএসএফ শেখ পথক তাদের ভারতে ফিরিয়ে নেয়। একইভাবে ৬ জুন ঠাকুরগাঁও সীমান্তে পরিবারের ছয় সদস্য এবং ৮ জুন এক গর্ভবতী নারী ও তার শিশুসহ ১১ জন প্রায় ৪৮ ঘণ্টা জিরো লাইনে আটকা ছিলেন। পরে বিএসএফ তাদেরও ফিরিয়ে নেয়। প্রতিবেদনে বলা হয়েছে, পশ্চিমবঙ্গে মার্চের দ্বিবাচনের আগে তড়িঘড়ি করে ভোটার তালিকা সংশোধনের মাধ্যমে ৯০ লাখেরও বেশি মানুষের নাম বাদ দেওয়া হয়। এরপূর অন্যেকের বিরুদ্ধে আটক ও বিহঙ্গারের আশঙ্কা তৈরি হয়। পঞ্চগড় সর্বর ইউনিয়নের এক জন্মপ্রতিমি হিউম্যান রাইটস ওয়াচকে জানান, পশ্চিমবঙ্গের শিলিগুড়ির একটি পরিবার, যাদের কাছে ভারতের আখার কাছ ছিল এবং যারা একাধিকবার ভোট দিয়েছেন, তাদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার পর পুলিশ আটক করে বিএসএফের কাছে হস্তান্তর করে। পরে তাদের বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা করা হয়। ভারতের আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা বারবার বাংলা ভাষাভাষী মুসলমানদের ‘অবেধ অভিবাসী’ হিসেবে উল্লেখ করেছেন। সম্প্রতি তিনি বলেন, ‘আমরা তাদের সীমান্তের কাছাকাছি নিয়ে যাই এবং আফ্রিক অর্থেই সীমান্তের ওপারে ঠেলে দিই।’ মানবাধিকার সংস্থাগুলি বলছে, এই ধরনের বক্তব্য ও কর্মকাণ্ড আন্তর্জাতিক মানবাধিকার আইনের পরিপন্থি। বাংলাদেশ সরকার স্পষ্ট জানিয়েছে, আইনি প্রক্রিয়া ও ন্যায়িকত্ব যাচাই ছাড়া সীমান্তে কাউকে ঠেলে দিলে তাদের গ্রহণ করা হবে না। প্রত্যাবাসনের ক্ষেত্রে দুই দেশের বিদ্যমান দ্বিপাক্ষীয় প্রক্রিয়া অনুসরণ করতে হবে। হিউম্যান রাইটস ওয়াচের মতে, ভারত ও বাংলাদেশের মধ্যে ন্যায়িকত্ব যাচাই এবং ন্যায়িক প্রত্যাবাসনের জন্য প্রতিষ্ঠিত দ্বিপাক্ষীয় ব্যবস্থা রয়েছে। কিন্তু সেই প্রক্রিয়া এড়িয়ে যাওয়ার কারণে সাধারণ শ্রমিক ও শিক্ষার সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে আটকা পড়ে মানবিক সংকটে পড়ছেন। মীনাঙ্কী গান্ধুলি বলেন, “কোনো মানুষ, তার ন্যায়িকত্ব যাই হোক না কেন, দুই দেশের সমস্ত সীমান্তরক্ষীদের মাঝখানে খোলা মাঠে রাত কাটাতে বাধ্য হতে পারে না। ভারতকে এই নির্মম বিহঙ্গার বন্ধ করতে হবে এবং উভয় দেশকে নিশ্চিত করতে হবে যে সীমান্ত ব্যবস্থাপনার নামে মানবিক মর্যাদা আর কখনো ক্ষুণ্ণ না হয়।’

বরিশালে তিন চাকা যানের

চালকেরা। একইভাবে লক্ষ্যট খেকে টোমাখা রুটে ১৫ টাকার পরিবর্তে ২০ টাকা ভাড়া নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এতে অটোরিকশা চালকদের সঙ্গে যাত্রীদের তর্কাতর্কি হয়। চালকদের একাংশের দাবি, বিদ্যুতের মূল্য বৃদ্ধি ও পরিচালন ব্যয় বেড়ে যাওয়ায় তারা নিজেরাই ভাড়া সমন্বয় করেছে। অন্যদিকে যাত্রীরা জানান, কোনো পূর্বযোশবা বা অনুমোদন ছাড়া এভাবে ভাড়া বাড়ানো অযৌক্তিক এবং এতে দৈনন্দিন যাতায়াত ব্যয় বেড়ে গেছে। জানা গেছে, তিন চাকার যানের চালকেরা অন্তত ১০ থেকে ১৫টি রুটে ভাড়া বাড়িয়েছেন। বিদ্যুতের দাম বৃদ্ধির কারণে তারা নিজেরাই ৫ টাকা করে ভাড়া বাড়িয়ে নিয়েছেন। রজব আলী নামে এক হৃদয় অটোরিকশাচালক জানান, তাদের কোনো সমিতি নেই। তাই তারা সব চালক মিলেমিশে ভাড়া বাড়িয়েছেন। যাত্রীদের সঙ্গে তর্ক এড়াতে গাড়ির সামনে চার্ট টানিয়েছেন। ওই অটোরিকশার যাত্রী হাতোম আলী কলকাতের ছাত্রী আসমা আক্তার বলেন, গায়ের জোরে ভাড়া বৃদ্ধির তালিকা বুলিয়ে দিয়েছেন চালকেরা। এতে আমরা যারা দৈনিক অটোরিকশায় চলাচল করি, তাদের খরচ বেড়েছে। বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারি রয়েছে। বরিশাল রিভিগ এন্ড নর্থ সের্ভিস কমিটির সহসভাপতি আব্দুর রশিদ বিলু বলেন, ১ টাকা ভাড়া বৃদ্ধি করতে হলেও ৩টি পক্ষ যথাক্রমে যাত্রী, চালক এবং সিটি করপোরেশনকে। তাছাড়া এই অটো, মাইন্ড্রায় চলাচলের প্রথম কতটা আছে তাও দেখতে হবে। বরিশাল সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা রেজালুল হকী জানান, সামাজিক যোগাযোগ মাধ্যমে বিসিপিএর নাম ব্যবহার করে যে ভাড়ার তালিকা প্রচার করা হচ্ছে, তা সত্যি ভুল্য ও ভিত্তিহীন। নগরীর অটোরিকশা ও টাউনগাড়ির ভাড়া নির্ধারণে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট অংশীজন্দের সঙ্গে যথায় যথায় আলোচনা ও সমন্বয় সাপেক্ষে পরবর্তী সময়ে ভাড়া নির্ধারণ করা হবে।

বিগত ৩ মাসে সিটি প্রশাসকের

কমবে বলে সাধারণ মানুষ মনে করেন। তিনি যে মাসকে ‘পরিচ্ছন্নতা মাস’ ও জুন মাসকে ‘মশক নির্ধন মাস’ হিসাবে ঘোষণা করে ইতোমধ্যেই ব্যাপক সফলতা অর্জন করেন। নগরীর ১৯, ২০, ২১, ২৯ ও ৩০ নম্বর ওয়ার্ডের বিভিন্ন সড়ক, অলিগলি ও গুরুত্বপূর্ণ এলাকায় বিসিসির কর্মীরা হ্যান্ড স্প্রে ও ফগার মেশিন ব্যবহার করে মশক নির্ধন কার্যক্রম পরিচালনা করছেন। এছাড়াও সিটি কর্পোরেশনের পক্ষ থেকে নগরবাসীকে নিজ নিজ বাসাবাড়ি ও আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানানো হচ্ছে। বিশেষ করে জমে থাকা পানি অপসারণ করে মশার প্রজননস্থল ধ্বংসে সবাইকে সচেতন হওয়ার অনুরোধ করা হয়েছে। তিনি বরিশাল নগরীতে অবৈধ দখলদারদের উচ্ছেদ করে একদিনকে সাধারণ মানুষের ব্যাপক প্রশংসা কুড়িয়েছেন আবার হকারদের পুনর্বাসনেও নিয়েছেন প্রশংসনীয় উদ্যোগ। নগরীর বিঘকোঁড়া বলে খ্যাত সিএ্যান্ডবি রোড দখল করে নির্মিত সাহানারা পার্কের অবৈধ স্থাপনা পুরোপুরি উচ্ছেদ করে তিনি নগরবাসীর দীর্ঘদিনের দাবি পূরণ করেছেন। সৌন্দর্যবর্ধনে নগরীর টোমাখায় মমুমুক্ষর মিউজিক্যাল ফোয়ারা চালু করেছেন। এছাড়াও বরির পুকুরের পরিবর্তে ফোয়ারাটিও তিনি চালু করার ঘোষণা দিয়েছেন। এখানে সাধারণ মানুষের সবার জন্য বেঞ্চ নির্মাণ করা হবে বলেও জানা গেছে। তার এই স্বপ্ন সময়ের মধ্যে আরো উল্লেখযোগ্য উদ্যোগের মধ্যে কাউন্সিলার মরশাখোলা নগর থেকে বাহিরে সরানো, কাউন্সিলা বশের হাট ব্যতন্তম এলাকায় না রাখা, উচ্ছেদকৃত হকারদের পুনর্বাসনের উদ্যোগ, পরেলা জুলাই থেকে অবৈধ ব্যাটারিচালিত ভাটো বন্ধকরণের ঘোষণা, যাত্রীদের গোপাঙ্কি লাগবে নগরীর অটো-সিএনজির ছাড়া নির্ধারণ নথুদ্বারাদ থেকে বাসসিটিনিমাল সরানো সাধারণ নগরবাসীর মধ্যে তাকে নিয়ে আলোর সম্ভার করেছে বলে জানা যায়।

মহিলা আসনের সাবেক সংসদ সদস্য বালিক্স আক্তার জাহান শিরিন ১৯৮৫ সালে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলে যুক্ত হন। ১৯৮৭ সালে বিএম কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রী বিষয়ক সম্পাদক নির্বাচিত হন। ১৯৯০ সালে বিএম কলেজ ছাত্র সংসদের এক্সেস নির্বাচিত হন। ১৯৯১ সালে বরিশাল জেলা ছাত্রদলের সহসভাপতি নির্বাচিত হন। ১৯৯৬ সালে বরিশাল জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক হন। একই সাথে ১৯৯৭ সালে তিনি বরিশাল জেলা বিএনপির শিক্ষা বিষয়ক সম্পাদক এবং ১৯৯৭ সালে বরিশাল দলের কেন্দ্রীয় কমিটির সদস্য মনোনীত হন। ২০০০ সালে বরিশাল মহানগর মহিলা দলের সাধারণ সম্পাদক, ২০০৩ সালে জাতীয়তাবাদী মহিলা দলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক, ২০০৯ সালে কেন্দ্রীয় বরিশাল মহানগরের যুগ্ম আন্ডারজ, ২০১০ সালে মহিলা দলের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক এবং একই বছর বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য পদ লাভ করেন তিনি। বর্তমানে তিনি কেন্দ্রীয় বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হিসাবে দায়িত্বে রয়েছেন। ২০১১ সালে বিএনপির বরিশাল জেলা শাখার সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বাংলাদেশ জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান ছিলেন। উল্লেখ্য, ২০১৪ এর এ আগস্টের রাজনৈতিক পরে স্থানীয় সরকার ব্যবস্থাকে আরও গতিশীল করতে সরকার রাজনৈতিক ব্যক্তিদেরের মধ্য থেকে পূর্ণকালীন প্রশাসক নিয়োগ দিয়েছে। বরিশালবাসীর আশা থাকছে আগামী নির্বাণকে বেয়ে নিয়েছে। আর শিঠীনও তারকে রহমানে আরো মদাদ দিয়ে বরিশালবাসীর সেবা প্রদানে অবিরর প্রয়াস চালিয়ে যাচ্ছে। বরিশালের বাস টার্মিনাল ও লঞ্চ ঘাটে মহিলাদের শৌচাংগুলো উন্নয়নেও কাজ করছেন নবনির্বাচ এ প্রশাসক। বরিশালকে মাদকমুক্ত করতে নগরীত তরুণ সমাজকে সম্পৃক্ত করে তিনি একটি কর্মপরিকল্পনা হাতে নিয়েছেন বলেও শোনা যাচ্ছে। তিনি বরিশাল সিটির ৩০টি ওয়ার্ডে ৫০ হাজার গাছ লাগানোর এক মহত্বী উদ্যোগ গ্রহণ করছেন বলে সিটি কর্পোরেশন সূত্ থেকে জানা যায়। বরিশাল সিটির সার্বিক কার্যক্রম নিয়ে জানতে চাইলে তিনি বলেন, ‘আমি দলের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের আছার প্রতিনিয় দিতে চেষ্টা করছি। তিন মাস সময় যদিও খুব কম সময়, তবুও আমি তাকে প্রথম তিন মাসে বরিশালবাসীকে সেবা দিয়ে এটা জানান দিতে যে, বিএনপি সরকার দেশের মানুষের জন্যে কাজ করে। আমাদের স্বাধীনতা চেয়ারম্যান ও মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানও আমাকে বরিশালবাসীর সেবা প্রদান করতে দায়িত্ব দিয়েছেন। আমি বরিশালবাসীকে যথাক্ষ সেবা দ্বাদানের মাধ্যমে তার এ আছার প্রতিনিয় দিতে কাজ করছি। বরিশালবাসীর সহযোগিতায় আমরা নীলগিহতেও আমি বরিশালের মানুষের সেবা করার জন্যে আমার সবচেয়ে উচ্চা চালিয়ে যাবো ইশনাআম্ব্বায়।

উল্লেখ্য, বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক হিসাবে দায়িত্ব পেয়ে ৩ মাস পার করলেন আড. বালিক্স জাহান শিরী। গত ১৪ মার্চ ২০২৬ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ একটি প্রজ্ঞাপন জারি করে তাকে বরিশাল সিটি কর্পোরেশনের দায়িত্ব প্রদান করে। ১৬ মার্চ, ২০২৬ বেলা সাড়ে ১২ টায় বরিশাল সিটি কর্পোরিয়াম ভবনে এডভোকেট বালিক্স আক্তার জাহান শিরীনের কাছে অভিযুক্তিরমতো বিসিি প্রশাসকের দায়িত্বভার বুঝিয়ে দেন তৎকালীন প্রশাসক ও বিভাগীয় কমিশনার মোহাম্মদ মাহফুজুর রহমান।

এ উপলক্ষ্যে বরিশাল কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে একটি অনুষ্ঠান ও সুধী সমাবেশের আয়োজন করা হয়। এদময় বরিশালের পুলিশ কমিশনার, ডিআইজি, র‍্যাব-৮ এর অনিয়র, বিএনপি’র জেলা ও মহানগরদের সভাপতি সাধারণ সম্পাদক সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিতি ছিলেন।

২০২৭ সালে শিক্ষাব্যবস্থায়

সংস্কার শুরু করব এবং ২০২৮ সালে একাডেমিক সিলেবস হালনাগাদ করা হবে। শিক্ষার্থীদের সার্বিক বিকাশের জন্য শুধু পাঠ্যক্রম নয়, বরিক্ত ও খেলাধুলাকেও সমান গুরুত্ব দিতে হবে। একাডেমিক কাঠামোর মধ্যেও পরিবর্তন আনা প্রয়োজন।” বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় অডিটোরিয়ামে ডিনস অ্যাডভার্ট অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এসস কথা বলেন। মন্ত্রী বলেন, “উদ্দেশ্যেজো কমিশনসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা দক্ষিণ এশিয়ার দেশগুলোকে শিক্ষা খাতে জিডিপির অন্তত ৬ শতাংশ বরাদ্দ দেওয়ার পরামর্শ দিয়েছে। অতীতে এ খাতে বরাদ্দ ছিল মাত্র ১ দশমিক ৬৬ শতাংশ। তবে প্রধানমন্ত্রীর নির্দেশনা অব্যাহারী আমরা ধাপে ধাপে এ বরাদ্দ বৃদ্ধি করছি। আগামী বছর তা ৮ দশমিক ৫ শতাংশে উন্নীত করার লক্ষ্য রাখবো। এরপূর পর্যায়ক্রমে ৫ শতাংশ এবং ৫ শতাংশের বাইরে যাওয়া হবে।” শিক্ষা খাতে বরাদ্দ বীরে বীরে বৃদ্ধি করে জিডিপির ৫ শতাংশে উন্নীতের পরিকল্পনার কথা জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেন, শিক্ষা ক্ষেত্রে হিষ্টিয়ালীতা বজায় রাখা এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করাই সরকারের অন্যতম অগ্রাধিকার। দেশের শিক্ষাব্যবস্থার অতীত পরিস্থিতির সমালোচনা করে তিনি বলেন, ‘একটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বলেছিলেন, তিনি উপাচার্যের চেয়ে ছাত্রলীগের সভাপতি থাকতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন। এটি কি জাতির জন্য লজ্জাজনক নয়? শিক্ষার জন্য লজ্জাজনক নয়? তারা একটি প্রঞ্জালকে ধরেণ করতে চেয়েছিল। সেখান থেকে আমরা বেঁচে গিয়েছি এসেছি।’ বর্তমান নেতৃত্বের প্রশংসা করে শিক্ষামন্ত্রী বলেন, ‘আজ আমরা যে নেতৃত্ব পেয়েছি, এমন নেতৃত্ব ব্যবহার পাওয়া যায় না। দায়িত্ব পাওয়ার পর এমন কোনো দিন ছিল না, যেদিন আমি ছদ্ম ঘন্টা ঘুমিয়েছি। দেশের উন্নয়ন ও শিক্ষার অগ্রগতির জন্য সবাই নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।’ তিনি আরও বলেন, শিক্ষা ও গবেষণায় উত্কর্ষে অর্জনের জন্য আন্তর্জাতিক মানের স্বীকৃতি ও মূল্যায়ন ব্যবস্থার দিকে লক্ষ্যত দেওয়া হচ্ছে। এ লক্ষ্যে বিভিন্ন উকর্ষ পুরস্কার ও মানোন্মায়ন কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে।

স্বাধীন গণমাধ্যম কমিশন

স্বপ্ন। বুধবার (১৭ জুন) সচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষা কর্ন ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলাল। সাক্ষাৎকালে তারা গণমাধ্যমের স্বাধীনতা ও বাক স্বাধীনতার বিভিন্ন দিক নিয়ে বিদম আলোচনা করেন?। ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত স্বাধীন গণমাধ্যম কমিশন গঠনে সরকারের উদ্যোগের প্রশংসা করেন এবং এ বিষয়ে ইউরোপীয় ইউনিয়ন থেকে সহায়তার অগ্রাহ প্রকাশ করেন। তিনি বলেন, গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে ইউরোপীয় ইউনিয়নের অভিজ্ঞতা বাংলাদেশ কাজে লাগাতে পারে। তথ্যমন্ত্রী বলেন, গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। তবু একই সঙ্গে সরকার জনগণকে ভুল তথ্য ও অশুভত্ব থেকেও সুরক্ষা দিতে চান। এজন্য একটি স্বাধীন গণমাধ্যম কমিশন গঠনের লক্ষ্যে সরকার কাজ করছে। তিনি জানান, সংশ্লিষ্ট সবার মতামতের ভিত্তিতে একটি ড্রাফট কমিটি গঠন করা হবে যারা একটি ন্যাশনাল অ্যাকশন প্ল্যান সরকারকে কাজে উপস্থাপন করে। ন্যাশনাল অ্যাকশন প্ল্যানের ওপর ভিত্তি করেই গণমাধ্যম কমিশন গঠন করা হবে।

দেশের ৭৫টি কারাগার

রয়েছে। বুধবার (১৭ জুন) সংসদে কুর্মিগ্ন -৪ আসনের এমপি এনসিপি দলীয় সদস্য মো. আবুল হাসানাতের তেবিলে উপস্থিতি তারকা চিহ্নিত প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ তথ্য জানান। মন্ত্রী বলেন, ৭ জুন পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী, বর্তমানে দেশের ৭৫টি কারাগারে সর্বমোট অনুমোদিত ধারণক্ষমতা ৪৫,১৩৬ (পুরুষ ৪৫,১৩৭ এবং মহিলা ২,০৯৯) জনের বিপরীতে বর্তমানে ৬৬,১১৩ জন (পুরুষ ৭৪,০৩৬ এবং মহিলা ২,০৭৭) জন বন্দি আটকা আছে, যা ধারণক্ষমতার ১৫ গুণ। তিনি বলেন, ধারণক্ষমতার অতিরিক্ত বন্দি আটকা থাকায় কিছু কিছু কারাগারে বন্দিদের আবাসন সমস্যা বিরাজ করছে। বন্দি আবাসন সমস্যা সমাধানের জন্য ইতোমধ্যে বিশেষ কেন্দ্রীয় কারাগার, কেরাীগঞ্জ, সিলেট কেন্দ্রীয় কারাগার-২, ফেনী জেলা কারাগার-২

এবং খুলনা জেলা কারাগার-২ চালু করা হয়েছে এবং কিশোরগঞ্জ জেলা কারাগার-২, মাদারীপুর জেলা কারাগার-২, পিরোজপুর জেলা কারাগার-২ শীঘ্রই চালু করা হবে। স্বরাষ্ট্র মন্ত্রী জানান, ময়মনসিংহ, কুমিল্লা, জামালপুর কারাগার পুনর্নির্মাণ এবং নরসিংদীতে নতুন কারাগার নির্মাণ কাজ চলমান রয়েছে। উল্লিখিত ৪টি কারাগারের নির্মাণ/পুনর্নির্মাণ কাজ সম্পন্ন হলে বন্দি ধারণক্ষমতা আরো ২ হাজার ৯৫৫ জন বৃদ্ধি পেরে সর্বমোট ৪৮ হাজার ৯১১ জনে উন্নীত হবে। এছাড়া রাজশাহী, রংপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, খাগড়াছড়ি কারাগার পুনর্নির্মাণ এক্সক্স গ্রহণ করা হয়েছে; যা বাস্তবায়িত হলে ধারণক্ষমতা আরও বৃদ্ধি পাবে।

যারা বাজেটকে জনবিরোধী

কিংবা ‘চানাকুরের বাজেট’ বলে আখ্যা দেয়, তারা কখনো জনগণের বন্ধু হতে পারে না। জনগণের জন্য রাজনীতি না করলে জনগণের আস্থা অর্জন সম্ভব নয় বলেও মন্তব্য করেন তিনি। বুধবার (১৭ জুন) দুপুরে মৌলভীবাজারের শ্রীমঙ্গলের ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তারেক রহমান বলেন, আগামী এক বছরের মধ্যে দেশের ৪০ লাখ পরিবারের কাছে ফ্যামিলি কার্ড এবং ৪০ লাখ কৃষকের কাছে কৃষক কার্ড পৌঁছে দেওয়া হবে। পাশাপাশি উপজেলা পর্যায়ে ৫০ শযায় হাসপাতালগুলোে আগামী পাঁচ বছরে ১০০ শযায় উন্নীত করার পরিকল্পনা রয়েছে। তিনি বলেন, বিএনপি সব সময় জনগণের জন্য রাজনীতি করে। জনগণের কল্যাণে তৈরি করা বাজেটকে যারা গণবিরোধী বলে সমালোচনা করে বা ‘চানাকুরের বাজেট’ বলে আখ্যা দেয়, তাদের বক্তব্য থেকেই বোঝা যায় তারা জনগণের জন্য রাজনীতি করে না। বিরোধী দল কখনো জনগণের বন্ধু হতে পারে না। মুখে মুখে বলতো তারা একসাথে নাই কিন্তু ভিতরে ভিতরে তারা একসাথে ছিল। যারা জনগণকে বিভ্রান্ত করে তারা সংসদের ভিতরে হোক কিংবা বাহিরে হোক তাদের ব্যাপারে জনগণকে সতর্ক থাকতে হবে। এছাড়া সাধারণ মানুষের জীবনমান উন্নয়ন এবং নিম্নমাত্রায় মানুষের পাশে দাঁড়াতে বিএনপি বিভিন্ন জনকল্যাণমূলক কর্মসূচি হাতে নিয়েছে। ফ্যামিলি কার্ড কর্মসূচিও সেই উদ্যোগের একটি। তিনি দাবি করেন, ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধি এবং ৬০টি নিত্যয়োজনীয় পণ্যের ওপর থেকে শুদ্ধ প্রতাহারের মতো উদ্যোগ সাধারণ মানুষের স্বার্থেই নেওয়া হয়েছে। দেশে অর্থ পাচার করে কঠোর অবস্থানে কথাও জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, বিগত ১৭ বছরে নেতাবে জনগণের স্বর্থ দেশ থেকে পাচার হয়েছে, তা আর হতে দেওয়া হবে না। সেই অর্থ দেশের মানুষের ভাণ্ড্য পরিবর্তনে কাজে লাগানো হবে। এছাড়া আমরা দেখছি কীভাবে জনগণের অর্থ বিগত এক যুগ ধরে, ১৭ বছর ধরে এই দেশ থেকে পাচার হয়ে গেছে। জনগণের অর্থ জনগণকে না দিয়ে একটি দল বিশেষে পাচার করে দিয়েছিল। এই জনগণের টাকা আর পাচার হতে হবে না আমরা। ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড কর্মসূচির অর্থায়ন নিয়ে সমালোচনার জবাবে তারেক রহমান বলেন, রাষ্ট্রীয় সম্পদের অপচয় ও পাচার বন্ধ করা গেলে এসব কর্মসূচি পরিচালনায় অর্থের কোনো সংকট হয় না। তিনি আরও বলেন, তা প্রমিকদের গৃহনির্মাণ অনুদান, শিক্ষার্থীদের বৃত্তি এবং প্রতিমন্ত্রী বান্দিদের চিকিৎসা সহায়তার মতো জনকল্যাণমূলক উদ্যোগ অতীতে কোনো সরকার করেনি। চলতি বাজেটকে ‘গণবিরোধী’ আখ্যা দেওয়ার সমালোচনা করে তারেক রহমান বলেন, যে বাজেটে আমাদের জন্য ফ্যামিলি কার্ড, কৃষকদের জন্য কৃষক কার্ড, শিক্ষা খাতে বরাদ্দ এবং ৬০টি নিত্যয়োজনীয় পণ্যের ওপর থেকে শুদ্ধ প্রতাহার করা হয়েছে, সেই বাজেটকে যারা জনবিরোধী বলছেন, তারা কখনো জনগণের বন্ধু হতে পারেন না। দেশে অস্থিরতা সৃষ্টি হলে সামাজিক সুস্থতা কার্যক্রম বাধাগ্রস্ত হতে পারে উল্লেখ করে জনগণকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি। তার ভাষায়, জনগণ একাবাক্ষ কালেক্স কোনো ক্ষুদ্রান্তই সফল হবে না এবং বাংলাদেশের গণতন্ত্রকে কেউ ধ্বংস করতে পারবে না। বিএনপির রাজনৈতিক-অবস্থান তুলে ধরে তিনি বলেন, দেশে যতবার নিরপেক্ষ নির্বাচন হয়েছে, জনগণ যাদের শীঘ্রকে বিজয়ী করেছে। কারণ বিএনপি সব সময় জনগণের কাছের থেকেছে। এ সময় তিনি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার প্রশঙ্গ টেনে বলেন, সংকটের সময় অসহযোগিতা করে ছেড়ে গেলেও খালেদা জিয়া কখনো দেশের মানুষকে ছেড়ে কোথাও যাননি।

ভাঙ্গুরিয়ায় পোনা নদীতে

সাড়ে তিনটি ঘণ্টার স্থানীয় বরফ সলো মামুনের সোকারের সামনে নদীতে একটি লাশ ভাসতে দেখে এলাকাবাসী। স্বর পেয়ে স্থানীয় লোকজন নৌকায় সাহায্যে মরদেহটি উদ্ধার করে তীরে আনেন। পরে সেটি আলী হোসেন মাখির মরদেহ বলে শনাক্ত করা হয়। নিহতের ভাই জাহাঙ্গীর হোসেন মাখি সাংবাদিকদের জানান, সকালে তিনি মঞ্জু মার্কেটের গিয়ে ফুটবল খেলা দেখেন। পরে বাড়ির সামনে নদীতে পোশাক পরে গিয়ে। ধারণা করা হচ্ছে, পোশাকের সময় নদীতে পড়ে গিয়ে তার মৃত্যু হয়েছে। এ বিষয়ে ভাঙ্গুরিয়া থানার ওসি (তদন্ত) রত্নেশ্বর কুমার মন্ডল সাংবাদিকদের জানান, খবর পেয়ে পুলিশ যত্নশীল্লে যান। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পোশাক পুড়ে গিয়ে আসাবধানভাবশত নদীতে পড়ে পানিতে ডুবে তার মৃত্যু হয়েছে।

আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে

খোঁজ নিয়ে আরও জানা যায়, বরিশাল সিটি করপোরেশনের সাবেক কাউন্সিলর ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রাজিব হোসেন নামের অনুসারীরা মীশাল মিছিলটি বের করে। মিছিল থেকে কার্যক্রম আঁকড়া ওগোমী লীগের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী এবং শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনা দাবি জানিয়ে স্লোগান দেন অংশগ্রহণকারীরা। বরিশাল কোতায়ালী মডেল থানার অফিসার ইনচার্জ আল মামুন উল ইসলাম জানিয়েছেন, বরিশাল নগরীতে নিম্নসংগঠনের মশাল মিছিল হয়েছে এমন কোন খবর জানা নেই। এখন সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও পুরানো কিনা সেটা বুঝতে পারছি না। বিষয়টি খোঁজ-খবর নিয়ে দেখবেন বলে তিনি।

হিজলায় ফ্যামিলি কার্ডের ভার্চুয়াল

অফিসার মোঃ ইলিয়াস সিকদার, সহকারী কমিশনার(ভূমি) অত্র জ্যোতি বড়াল, বরিশাল উত্তর জেলা বিএনপির আহ্বায়ক বীর্যজিৎমোলা দেওয়ান মোঃ শহিদুল হুছেইল, হিজলা উপজেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট দেওয়ান মোঃ সনির হোসাইন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক মোঃ আলতাফ হোসেন খোকার। এছাড়াও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, স্থানীয় বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাবৃন্দ এবং বিপুল সংখ্যক সফলতোপী উপস্থিতি ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে নৌপরিবহন প্রতিমন্ত্রী মোঃ রাজিব আহসান এমপি বলেন, বর্তমান সরকার প্রতিটি পরিবারকে শাবলম্বী ও অর্থনৈতিকভাবে স্বনির্ভর করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই ফ্যামিলি কার্ডের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় স্বচ্ছতা ও জবাবিদহিতার সাথে সরকারি সেবা পৌঁছে দেওয়া হচ্ছে। এই কার্ডের ফলে প্রকৃত সুবিধাভোগীরা কোনো ধরনের মধ্যস্থত্বভোগীদের হস্তক্ষেপ ছাড়াই সরাসরি তাদের সফল পাবেন। পাইলট প্রকল্প হিসেবে হিজলার বাহেরারচরে ১,০৬৫ জন দিয়ে শুরু হলেও পর্যায়ক্রমে উপজেলায় প্রতিটি যোগ্য পরিবারকে এই সেবার আওতায় আনা হবে। ব্যক্তি নয়, পরিবারই হচ্ছে আমাদের দেশের উন্নয়নের মূল একক। পরিবার উন্নয়ন হলে দেশে উন্নত হবে। সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক মোঃ খায়রুল আলম সমন বলেন, জেলা প্রশাসনের কঠোর নজরদারিতে সম্পূর্ণ স্বচ্ছ প্রক্রিয়ায় এই কার্ড বিতরণ করা হচ্ছে যেন কোনো প্রকৃত হকার এর সুবিধা থেকে বঞ্চিত হন না। উদ্যোগী অনুষ্ঠান শেষে প্রধান অতিথি ও অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত সুবিধাভোগীদের হাতে আনুষ্ঠানিকভাবে ফ্যামিলি কার্ড তুলে দেন।

হাম পরিস্থিতির মধ্যেই

জেলা, পিরোজপুর এবং পটুয়াখালী জেলা শীর্ষ অবস্থানে রয়েছে। তবে বরিশাল সিটিতে আক্রান্তের হার শুনায় কেঁটায়। এর কারণ হিসেবে ডেপুটি মহাশাখিত রোগ প্রতিরোধে বরিশাল সিটি করপোরেশনের মাসব্যাপী মশক নিধন কর্মসূচির সফল বলে মনে করছেন নাগরিকরা। তাই এই কার্যক্রমে শুধুমাত্র নগর পর্ষায় সীমাবদ্ধ না রেখে জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে ছড়িয়ে দেওয়ার দাবি জানিয়েছেন সচেতন মহল। স্বাস্থ্য অধিদপ্তরের বরিশাল বিভাগীয় পরিচালকের কাছাড়ের পরিসংখ্যানে দেখা গেছে, চলতি বছরের ১৬ জুন সকাল পর্যন্ত বরিশাল সিটিহর বিভাগের ৬টি জেলায় ডেপু জুরে আক্রান্ত হয়ে বিসিপি হাসপাতালর চিকিৎসা নিলে মোট এক হাজার ৪৫৪ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এক হাজার ৩৫৪ জন। বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন ১০০ জন। যার মধ্যে বিগত ২৪ ঘটায় ভর্তি হয়েছে ২৭ জন। স্বাস্থ্য বিভাগের পরিসংখান বিশ্লেষণ করলে দেখা

গেছে, চলতি বছরের পহেলা এপ্রিল পর্যন্ত বরিশাল বিভাগে ডেপু জুরে মোট আক্রান্ত রোগীর সংখ্যা ছিল ৩৬৪ জন। ওইসময় দৈনিক হাসপাতালে ভর্তি হওয়া রোগীর সংখ্যা ছিল ৮-১০ জন। পরবর্তী ২ মে’র পরিসংখ্যানে দেখা যায়, এক মাসের ব্যবধানে ডেপু জুরে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়েছে প্রায় দ্বিগুণ। ২ মে পর্যন্ত চলতি বছরে আক্রান্ত সংখ্যা দাঁড়ায় ৬৫০ জনে। পাশাপাশি দৈনিক আক্রান্তের সংখ্যা বেড়ে ১০-১৬ জনে দাঁড়ায়। তখন দৈনিক ভর্তি রোগীর সংখ্যা ছিল ২৫-৩০ জনের মধ্যে। সবশেষ গত ১২ জুন পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা দ্বিগুণের বেশি বেড়ে দাঁড়িয়েছে এক হাজার ৪৫৪ জনে। বর্তমানে দৈনিক আক্রান্ত রোগীর সংখ্যাও বেড়েছে দ্বিগুণের বেশি। মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত বিগত ২৪ ঘটায় ভর্তি হয়েছে ২৭ জন। পরিসংখ্যান অনুযায়ী, বর্তমানে প্রতিদিন গড়ে ৪০ থেকে ৪৫ জন আক্রান্ত রোগী ভর্তি হচ্ছে সরকারি হাসপাতালগুলোতে। যার সংখ্যা দিন যত যাচ্ছে, আক্রান্তের হারও বাড়ছে। জেলা ভিত্তিক পরিসংখ্যানে দেখা যায়, চলতি বছরের এ পর্যন্ত বরিশাল জেলা সদর এবং উপজেলা হাসপাতালগুলোতে মোট ৩৩৮ জন ডেপু আক্রান্ত রোগী চিকিৎসা নিয়েছে। এছাড়া পিরোজপুর জেলায় ৩২৫ এবং পটুয়াখালী জেলায় চিকিৎসা নিয়েছে ২৫৭ জন। এর বাইরে বালকাঠিতে ২৭৩ জন, বরগুনা ১৫১ জন এবং জেলা জেলায় সর্বমিল ৫৪ জন। জেলা এবং উপজেলা হাসপাতালের বাইরে শের-ই-বালা মেডিকলে কলেজ হাসপাতালে ২৫ জন এবং পটুয়াখালী মেডিকলে কলেজ হাসপাতালে চিকিৎসা নিয়েছেন আরও ২৯ জন। গত বছর অর্থাৎ ২০২৫ সালে বরিশাল বিভাগে ডেপু জুরে আক্রান্ত হয়েছিল ১৮ হাজার মানুষ। যার মধ্যে মৃত্যু হয়েছিল ৪৪ জনের। ওই বছর শুধুমাত্র জুন-জুলাই মাসেই আক্রান্ত হয়েছিল ২ হাজার ৩০০ জন। সেই হিসেবে চলতি বছরে বরিশাল বিভাগে ডেপু পরিস্থিতি গত বছরের তুলনায় বেড়েছে। ২০২৫ সালে ডেপু আক্রান্ত এবং মৃত্যুর দিক থেকে পেছানো ছিল বালকাঠি জেলা। তবে চলতি বছরে বালকাঠি জেলার পরিস্থিতিও শাপারের দিকে যাছে। বর্তমানে অন্য জেলার থেকে দৈনিক আক্রান্তের হার বালকাঠি জেলায় বেশি। স্বাস্থ্য অধিদপ্তরের বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. লোকমান হাকিম বলেন, বিভিন্ন মাসগুলোর তুলনায় ডেপু পরিস্থিতি কিছুটা বেড়েছে। তবে অতটা নয়। বর্ষে মৌসুমে জমে থাকা পানিতে এডিস মশার লার্ভা জন্ম দেয়। এ থেকে বেড়ে ২০২৫ সালে রোগীও বাড়়ে। তাই এখন থেকেই সচেতন হওয়া প্রয়োজন। না হলে পরিস্থিতি নিয়ন্ত্রণে বাইরে চলে গেলে কিছু করার থাকবে না। তবে স্বাস্থ্য বিভাগ চিকিৎসা নিয়ে প্রস্তুত আছে। এদিকে ডেপুসহ মশাবাধিত রোগ প্রতিরোধে জুন্ মাসব্যাপী মশক নিধন কর্মসূচি গ্রহণ করেছে বরিশাল সিটি করপোরেশন। এর আওতায় প্রতিদিন বিভিন্ন ওয়ার্ডে ফগার মেশিন এবং স্প্রে করে মশা নিধন করা হচ্ছে। পাশাপাশি নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধিতে প্রচারাভিযান চলছে বলে জানিয়েছেন বিসিপি প্রশাসক বালিক্স আক্তার জাহান শিরীন।

সরকারি কলেজ-মাদ্রাসায়

মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম সম্পাদনে সমস্যা তৈরি হচ্ছে। এতে আরও উল্লেখ করা হয়, এর আগে আগামী গত ১১ জুনের মধ্যে সব সরকারি কলেজ (২০১৮ বিধির আওতাভুক্ত কলেজ ব্যতীত) এবং সরকারি আলিয়া ম

বর্গীভবন খাণা

আত্মতত্ত্ব গ্রন্থিদিন

২৫ দিন ক্লাস-পরীক্ষা বন্ধ রেখে আন্দোলন

১৯ মে থেকে ১৪ জুন পর্যন্ত টানা ২৫ দিন বরে তীব্র আন্দোলন করেছিলেন শিক্ষকরা। গত ১৪ মে সরকার দেশের ১১টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) পদে বড় রদবদল আনে। এরই ধারাবাহিকতায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. তৌফিক আলমকে তার পদ থেকে সরিয়ে দেওয়া হয়। এরপর নতুন উপাচার্য দায়িত্ব নেওয়ার পর শিক্ষকরা তাঁদের কঠোর আন্দোলন থেকে সরে আসেন। আন্দোলন চলাকালীন শিক্ষকরা আমরণ অনশন, বিশ্ববিদ্যালয় লকডাউন এবং সর্বশেষ তৎকালীন উপাচার্যের পদত্যাগের এক দফা দাবিতে অনড় ছিলেন। শিক্ষকদের এ দীর্ঘ আন্দোলনের কারণে বিশ্ববিদ্যালয়ের সমস্ত ক্লাস ও পরীক্ষা সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। এ আন্দোলনে শিক্ষার্থীদের পূর্ব নির্ধারিত ৪৬টি পরীক্ষা বাতিল হয়। এর ফলে চরম সেশনজট ও ভোগান্তির মুখে পড়েন সাধারণ শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের এই চরম অচলাবস্থা ও আন্দোলনমুখী পরিস্থিতির মুখে গত ১৪ মে সরকার দেশের ১১টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) পদে বড় রদবদল আনে। এরই ধারাবাহিকতায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. তৌফিক আলমকে তার পদ থেকে সরিয়ে দেওয়া হয়। এরপর নতুন উপাচার্য দায়িত্ব নেওয়ার পর শিক্ষকরা তাঁদের কঠোর আন্দোলন থেকে সরে আসেন। শিক্ষকদের দীর্ঘ আন্দোলনের কারণে বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। ফলে সাধারণ শিক্ষার্থীরা চরম সেশনজট ও ভোগান্তির মুখে পড়েন। বিশ্ববিদ্যালয়ের অন্তত ২০ জন শিক্ষার্থীর সাথে কথা বলে জানা যায়, শিক্ষকদের পদোন্নতির আন্দোলনের কারণে পুরো ক্যাম্পাস শাটডাউন করে দেওয়া হয়েছিল এবং চলমান পরীক্ষাগুলোও বন্ধ হয়ে যায়। এ অচলাবস্থার কারণে তারা মাদার্সকে সেশনজটে পড়েছেন এবং এক-দুই মাস আগেপর পরীক্ষা এখন তাদের দিতে হচ্ছে। নাম প্রকাশ না করার শর্তে বিজ্ঞান বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের এক শিক্ষার্থী বলেন, ‘শিক্ষকদের পদোন্নতির আন্দোলন কোনোভাবেই শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা বন্ধ করে হতে পারে না। শিক্ষার্থীরা সবচেয়ে থেকেই শিক্ষকদের যৌক্তিক দাবির পক্ষে অবস্থান নিয়েছেন, ক্লাস-পরীক্ষা বন্ধ করে এ ধরনের আন্দোলনের তীব্র আপত্তি জানিয়েছিল। কিন্তু শিক্ষকরা তাকে করণীত করেননি। অবশেষে তাদের আন্দোলন আলোর মুখ না দেখালে, শিক্ষার্থীদের জীবন থেকে মৃত্যুবান সময় কেড়ে নেওয়া হলো।’ সামাজিক বিজ্ঞান অনুষদের শিক্ষার্থী রিপন মন্ডল প্রশ্ন তুলে বলেন, ‘শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা বন্ধ রেখে ভোগান্তিতে ফেলা মোটেও উচিত হয়নি। শেষ পর্যন্ত যদি সেই নীতিমালাই মেনে নিতে হয়, তাহলে শিক্ষার্থীদের এতদিন জিম্বি করে রাখার যৌক্তিকতা কোথায়? ভবিষ্যতে কোনো আন্দোলনের বোঝা মেনে শিক্ষার্থীদের কাছে না পড়বে।’ মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান ড. মো. জাহান উদ্দিন বলেন, ‘এটা মানা হয়েছে এজন্য যে, আড়াই বছর ধরে (তা বলা এক প্রকার আমাদের কোনাটাসা করে রাখা হয়েছে। এটা না মানলে আমাদের সবকিছু বন্ধ। এখন বিশ্ববিদ্যালয়ের স্বার্থে বিশ্ববিদ্যালয়ের যাতে সচল থাকে। এটা জন্য এটা মেনে নেওয়া হয়েছে।’ সহকারী অধ্যাপক হাফিজ আশরাফুল হক বলেন, ‘অভিন্ন নীতিমালা শিক্ষকরা আগেই মেনে নিয়েছিলেন। কিন্তু উনি এটা ডিল করতে পারেননি। এ জন্য সংকটটা তৈরি হয়েছিল।’ সার্বিক বিষয়ে নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. মামুনুর রশীদ বলেন, ‘অভিন্ন নীতিমালা ছাড়া বিকল্প কিছু নেই। এখানে ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয় রয়েছে, তাদের কাছ থেকেই আমাদের সহযোগিতা নিতে হবে। তারা যদি বলে, এটি লিপ্যাল (অইনসংগত), তাহলে আমরা এটিকে ইলিপ্যাল্য বলতে পারি না। ইউজিসি যেহেতু চাচ্ছে অভিন্ন নীতিমালা অ্যাডাপ্ট (গ্রহণ) করতে, তাই এখানে আসলে বিকল্প কিছু করার সুযোগ নেই।’

মসজিদে আগুন দিয়ে হিব্রুতে শ্লোগান

স্থাপনাকারীরা মসজিদ দুটির বিভিন্ন অংশে আগুন ধরিয়ে দেয় এবং সেখানে হিব্রু ভাষায় শ্লোগান লিখে যায়। শ্বর আলাসেলু এজেলিগ। স্থানীয় সূত্র জানিয়েছে, ভোগালি গ্রামে প্রবেশ করে স্থানীয় মসজিদে আগুন লাগিয়ে দেয়। এতে মসজিদের নারীদের নামাজের অংশ গুড়ে যায় এবং ভবনের বাইরের দেয়ালেরও ক্ষতি হয়। বাসিন্দাদের মতে, সাম্প্রতিক সময়ে জিলাজিলিয়া গ্রামে বসতি স্থাপনকারীদের হামলার ঘটনা বেড়েছে। গতমসেও তারা গ্রামটিতে হামলা চালিয়ে একটি ভেড়ার পাল নিয়ে যার বলে অভিযোগ রয়েছে। এদিকে পৃথক আরেক ঘটনায় মাজরা আল-নব্বিগ্রা গ্রামেও একই মসজিদে অগ্নিসংযোগ করা হয়। এতে মসজিদের বিভিন্ন অংশে ক্ষতিগ্রস্ত হয়। হামলাকারীরা দুই মসজিদের দেয়ালেই হিব্রু ভাষায় বিভিন্ন শ্লোগান লিখে রেখে যায়। স্থানীয় ও মানবাধিকার সংগঠনদের দাবি, অবিকৃত পশ্চিম তীরে সাম্প্রতিক সময়ে ফিলিস্তিনিদের বিরুদ্ধে হামলা, অগ্নিসংযোগ, জমি দখল এবং কৃষকদের নিজ জমিতে প্রবেশে বাধা দেওয়ার ঘটনা বেড়েছে। বিশেষ করে ইসরায়েলি বসতিগুলোর আশপাশের এলাকায় এসব ঘটনা বেশি ঘটেছে। ফিলিস্তিন কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, ২০২৩ সালের ৮ অক্টোবর থেকে পশ্চিম তীরে সহিংসতা বৃদ্ধির ফলে অন্তত ১,১৬৯ ফিলিস্তিনি নিহত এবং ১২,৬৬৬ জন আহত হয়েছেন। একই সময়ে প্রায় ২৩ হাজার মানুষকে আটক করা হয়েছে এবং প্রায় ৩৩ হাজার ফিলিস্তিনি বাস্তব্চ্যত হয়েছেন বলে দাবি করা হয়েছে।

এবারের এল নিনো হতে পারে

এল নিনোয় সূচনার আশংকা দিয়েছে। বিজ্ঞানীদের পূর্বাভাস বলছে, এবারের এল নিনোয় মেঘাতিতের সব রেকর্ড ভেঙে দিতে পারে। ফলে বিশ্বের বিভিন্ন অঞ্চলে বন্যা, খরা, তাপপ্রবাহ, দাবানল ও খাদ্যসম্পদের ঝুঁকি বাড়তে পারে। আবহাওয়াবিদদের মতে, এবারের এল নিনো যদি পূর্ণভাস অনুযায়ী শক্তিশালী হয়, তাহলে এটি গত ৭৫ বছরের মধ্যে সবচেয়ে ভয়ংকর এল নিনো হতে পারে। বিশেষ করে আফ্রিকা, মাঝ আমেরিকা, ক্যারিবীয় অঞ্চল এবং এশিয়ার কিছু অংশে খরা ও বন্যা পরিস্থিতি আরও ভয়াবহ আকার নিতে পারে। শত শত বছর আগে রেকর্ড জেলেরা লক্ষ্য করেছিলেন, কয়েক বছর পরপর ভূতুর্ভবনের সময় প্রশান্ত মহাসাগরের নিরক্ষীয় অঞ্চলে আঘোড়িত হলে হঠাৎ কমে যায়। তারা এ ঘটনাকে ‘এল নিনো’ নামে অভিহিত করে, যার অর্থ ‘শিশু চিত্র’। বর্তমানে এল নিনোকে একটি বৈশ্বিক জলবায়ুতন্ত্র রূপ হিসেবে বিবেচনা করা হয়। এটি নিরক্ষীয় প্রশান্ত মহাসাগরের ওপর দিয়ে প্রবাহিত বায়ুর গতিপথ পরিবর্তনের ফলে সৃষ্টি হয়। এতে সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেড়ে যায় এবং বিশ্বের বিভিন্ন অঞ্চলের আবহাওয়ার ধরন বদলে যায়। এল নিনোর সৃষ্টি নির্ভাব্য করা হয় সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা কতটা বেড়েছে তার ওপর। সাধারণত দীর্ঘমেয়াদি গড়ের তুলনায় দুই ডিগ্রি সেলসিয়াসের বেশি তাপমাত্রা বৃদ্ধি পেলে সেটিকে শক্তিশালী এল নিনো ধরা হয়। বিভিন্ন আন্তর্জাতিক আবহাওয়া মডেলের পূর্বাভাস অনুযায়ী, ২০২৬ সালের বার্ষিক সমষ্টি এবং ২০২৭ সালের শুরুৰ দিকে সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা পড়ে ২ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসের বেশি, এমনকি ৫ ডিগ্রি সেলসিয়াসেরও ওপরে উঠতে পারে। এখন পর্যন্ত সবচেয়ে শক্তিশালী এল নিনো ছিল ১৯৮২-৮৩ সালের, যখন তাপমাত্রা বৃদ্ধি পরোক্ষি ২ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। এবারের এল নিনো সেই রেকর্ড ছাড়িয়ে মনে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। বিশেষজ্ঞরা বলছেন, এল নিনো নিজে জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্টি হয় না। তবে বৈশ্বিক উষ্ণায়নের সঙ্গে মিলিত হয়ে এর প্রভাব আরও তীব্র হয়ে ওঠে। ১৯৯৭-৯৮ সালের শক্তিশালী এল নিনোর পর ১৯৯৮ সাল সে সময়ের সবচেয়ে উষ্ণ বছর হিসেবে রেকর্ড গড়েছিল। একইভাবে ২০১০-১৬ সালের এল নিনোর পর ২০১৬ সালে নতুন রেকর্ড তৈরি হয়। বর্তমানে ২০২৪ সাল সবচেয়ে উষ্ণ বছর হিসেবে রেকর্ডধারী। সে বছর বৈশ্বিক গড় তাপমাত্রা শিল্পবিপ্লব-পূর্ব সময়ের তুলনায় ১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল। জলবায়ু মডেল অনুযায়ী, ২০২৭ সাল আরও উষ্ণ হতে পারে। এল নিনোর প্রভাব সব অঞ্চলে এক রকম হয় না। ক্রোথাও খরা দেখা দেয়, আবার কোথাও অতিপাত্তি ও বন্যা হয়। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) গত ৯ জুন সতর্ক করে বলেছে, দক্ষিণ আফ্রিকা এবং সাহেলে অঞ্চলের মাংস সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে। এর আগে ২০২৩-২৪ সালের এল নিনোর সময় দক্ষিণ আফ্রিকায় এক শতাব্দীরও বেশি সময়ের মধ্যে সবচেয়ে ভয়াবহ খরা দেখা গিয়েছিল। এফএওর মতে, সোমালিয়ার অক্টোবর পর্যন্ত খরা চলতে পারে। এরপর ডিসেম্বর পর্যন্ত ভারী বৃষ্টিপাত হতে পারে। তবে দীর্ঘ খরার পর অতিবৃষ্টি পরিস্থিতি আরও খারাপ করতে পারে। কারণ শুকিয়ে যাওয়া মাটিতে বৃষ্টির পানি সহজে শোষিত হয় না, ফলে আকস্মিক বন্যা দেখা দেয়। মধ্য আমেরিকা, ক্যারিবীয় অঞ্চল এবং এশিয়ার বিভিন্ন এলাকাও খরার ঝুঁকিতে রয়েছে বলে সতর্ক করা হয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, অনেক অঞ্চলে এল মধ্যে যুদ্ধ, খাদ্যসংকট ও অর্থনৈতিক সংকটে ভুগছে। এমন পরিস্থিতিতে শক্তিশালী এল নিনো পরিস্থিতির আরও জটিল করে তুলতে পারে। ইরানকে থিরে সংঘাত এবং হরয়ুজ প্রাণালিত

বার্জিতিক জটিলতার কারণে সার সরবরাহেও চাপ তৈরি হয়েছে। এতে কৃষি উৎপাদন ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। ইউরোপীয় কমিশন সতর্ক করেছে, সুদান, সোমালিয়া, দক্ষিণ সুদান, চাদ, ইকুয়েডর, ভেনেজুয়েলা ও ইহাতির মতো দেশগুলো মানবিক সংকটের মুখে পড়তে পারে।

আগৈলঝাড়ায় ওয়ার্ল্ড কনসার্নের

বিষয়গুলো হলো: শিক্ষার প্রসার ও শিশু অধিকার রক্ষা। বাল্যবিয়ে রোধ এবং গণসচেতনতা সৃষ্টি। মাদক নির্মূল ও তরুণ সমাজে মোবাইলের অপব্যবহার রোধ। অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন, নারীর ক্ষমতায়ন এবং নেতৃত্বের বিকাশ। সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং মাঠপর্যায়ে এসব কার্যক্রম বেগবান করতে অনুষ্ঠানে উপস্থিত কমিটির সদস্যদের সাথে সাধারণ জনগণের পরিচয় পর্ব সম্পন্ন হয়। একই সাথে মাদকবিরোধী ও বাল্যবিয়ে রোধে সবাইকে একাবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়। অতিথি ও কর্মকর্তা Grid অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগৈলঝাড়া উপজেলা সমাজসেবা কর্মকর্তা তপন বিশ্বাস। অনুষ্ঠানটির সার্বিক উপস্থাপনা, তদারকি ও রিচালনায় ছিলেন স্বস্থায়র বিভিন্ন প্রজেক্টের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ: ?রাভুস্কার মন্ডল (ম্যানেজার, FECS প্রজেক্ট) উজ্জ্বল গাতিয়া (প্রোগ্রাম অফিসার) যিথিফেল ইজারাপার (প্রজেক্ট অফিসার, ECCR প্রজেক্ট) মি. আশীষ হালদার (চাচ পালক) রতন সরকার (চাচ সস্পাদক) পুরো অনুষ্ঠানটি সফলভাবে পরিচালনা করেন FDCS প্রজেক্টের ভলান্টিয়ার জন সরকার। অনুষ্ঠানে বক্তারা শিক্ষার্থীদের পড়াশোনা আরও মনোযোগী হয়ে দেশের কল্যাণে অবদান রাখার আহ্বান জানান।

বরিশালে অর্থনৈতিক

গবেষণা ও বিশ্লেষণ পর্যালোচনা করে পরিসংখ্যানের তথ্য ব্যবহার করেন। এসময় অর্থনৈতিক ঞ্চারির তথ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরনে শতভাগ নির্ভুলতা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান তিনি। জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমনের সভাপতিত্বে এবং জেলা পরিষদখ্যায় অফিসের উপ-পরিচালক মো. আতিকুর রহমানে উপস্থাপিত বিশেষ অতিথির বক্তব্য দেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্ম সচিব সালাম পারভীন, বরিশাল রেঞ্জ ডিআইজি মো. মোস্তাফিজুর রহমান ও উপপুলিশ কমিশনার শূশান্ত সরকার। এসময় সরকারি বিভিন্ন ঞ্খব্তের কর্মকর্তা, ব্যবসায়ী প্রতিনিধি ও গণমাধ্যমকর্মীর উপস্থিত ছিলেন।

চ্যালেঞ্জ পূরণ, আর্জেন্টিনা জিততেই

চ্যালেঞ্জ বাস্তবায়ন করছে দেখা যায়। তার এই উদ্যোগকে অনেকেরই ত্রিচ্ছত্তি রক্ষার উদ্যাহব হিসেবে দেখেছেন, আবার কেউ কেউ এটিকে ফুটবলের প্রতি সমর্থকদের আগেরের বিত্রপ্রকাশ বলে মনে করছেন। ভিত্তিওটি সামাজিক মেগামেগামেগামে ছড়িয়ে পড়ার পর বিভিন্ন মহলে আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। তবে নিজের ক্তার মূল্য রাখতে চ্যালেঞ্জ পূরণ করার হৃদয় হোসেনের প্রশংসাও করছেন অনেক ফুটবলপ্রেমী।

লায়ন্স ডিস্ট্রিট ৩১৫ এ১-এর রিজিওন

আসনের মাননীয় সংসদ সদস্য ও সাবেক ডিস্ট্রিট গভর্নর ডা. দেওয়ান মুহাম্মদ সালাহউদ্দীনের সহধর্মিণী। নতুন এই দায়িত্ব গ্রহণ প্রসঙ্গে লায়ন উমার রাবী বলেন- “লায়নজিওন লক্ষ উদ্যোগকে ধারণ করে এই পদে থেকে আত্মনাবতার সেবার কাজ করা আমার জন্য অত্যন্ত সম্মানের। ডিস্ট্রিট গভর্নরের এই হৃদয়ের শ্লোগান “টুগেদার উই রাইজ, টুগেদার উই থ্রাইভ” (Together we rise, together we thrive)-এর মূল দর্শনকে সামনে রেখেই আমি আমার ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনেমে চেষ্টা করব।” তিনি তার নতুন পথচরায় ডিস্ট্রিক্টের সকল স্তরের লায়ন সদস্য ও শুভানুধ্যায়ীদের দোয়া ও সহযোগিতা কামনা করেছেন।

ভোলায় গৃহবধুর রহস্যজনক মৃত্যুর

হয়েছে। এ ঘটনার সন্নিহে রাবি-৮-এর ভোলা ক্যাম্পের একটি বিশেষ দল ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করে এসে ছায়া তদন্ত শুরু করে। দীর্ঘ তদন্ত ও গোয়েন্দা নগরদর্শন পর রাগ্যাব-৭ এবং রাবি-৭-এর যৌথ অভিযানে আশিয়ার গ্রেপ্তার হয়। গ্রেপ্তারকৃত আসামিদের ভোলায় আনা হচ্ছে এবং তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের জন্য ভোলা সদর মডেল থানায় হস্তান্তর করা হবে। প্রসঙ্গত, গত ৪ জুন দুপুরে ভোলা শহরের উল্লপাড়ায় গোরস্থান মাদরাসা-সংলগ্ন একটি ভাড়া বাসা থেকে মিত্রর মরদেহ উদ্ধার করে পুলিশ। তিনি ভোলার দৌলতখান উপজেলার দক্ষিণ জয়নামীর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. বশিষ্ঠ ও আরোশা খানুম দম্পতিতে বড় মেয়ে। পরেরদিন মিত্রের বাবা মো. বশির রহমানে বানী হয়ে ভোলা সদর মডেল থানায় মামলা দায়ের করেন। মামলায় গৃহবধুর স্বামী ব্যবসায়ী মো. সোহাগ, শাওভি কোহিনুর বেগম, নন্দ লিভা ও মুক্তা বেগমসহ আরও রার-পাচজনকে অজ্ঞাত নামক করা হয়েছে। এ ঘটনার পর থেকেই আল্গোপনে রয়েদেনে তারা সবাই।

ইলিশ নেই আড়তে, অলস সময়

আছে। বেচাবিক্রি আগে কোটি কোটি টাকা ছাড়িয়ে যেত। এখন হচ্ছে মাত্র ১৫-২৫ লাখ টাকা।” নগরীর পোর্টরোড পাইকারি মৎস্য অবতরণ কেন্দ্র ঘুরে দেখা যায়, আড়তগুলোতে মাছ না থাকায় সেই আগের চিরচেনা ইকতাক বেই। অনেক শ্রমিক বলে অলস সময় পার করছেন। কেউ কেউ লুডু খেলে সময় কাটাচ্ছে। তারা জানান, এখন কাজ নেই তাই ধার নেনা করে চলছি। তবে আর কয়েকদিনের মধ্যেই ইলিশের ভরা মৌসুম। তখন কাজ করে সব দেনা পরিশোধ করবেন। ইলিশ শ্রমিক শাহআলম বলেন, আগে আড়তে মাছ লেড অনলেড করে ৮০০ থেকে ১২০০ টাকা পর্যন্ত আয় হতো। এখন কাজ না থাকায় কোনোমতে ৩০০ থেকে ৫০০ টাকা আয় হচ্ছে। তাও সব দিন কাজ থাকবে না। তবে কিছু দিনের মধ্যেই এ দুর্দশা কেটে যাবে। আরেক শ্রমিক শহীদ বলেন, কাজ না থাকায় বসে বসে লুডু খেলে দিন পার করছি। অনেকেই এই কাজ ছেড়ে অন্য জায়গায় কাজ করছে। কিন্তু আমরা আশায় আছি আর কয়েকদিনের মধ্যেই আড়তগুলোতে ইলিশে সরলাব হবে। তখন দিন রাত কাজ থাকবে, আয়ও বাড়বে, ধার দেনাও পরিশোধ হবে। খেঁজ নিয়ে জানা গেছে, ১ জুন থেকে শুরু হয়েছে রূপালি ইলিশের মৌসুম। তবে মৌসুম শুরু হলেও নদ-নদীতে ধরা পড়ছে না ইলিশ। বাজারে যা ইলিশ আছে তার দামও আকাশচুম্বি। ইলিশের সরবরাহ কম থাকায় দাম বেড়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। এতে ইলিশের খাদ ভুলতে বসেছে এক শ্রেণির মানুষ। তবে ইলিশের সরবরাহ বাড়লে দাম কমাতে বলে জানিয়েছেন তারা। নগরীর পোর্টরোড পাইকারি মৎস্য অবতরণ কেন্দ্রে দেখা যায়, এক কেজি সাইজের ইলিশ প্রতি কেজি বিক্রি হয়েছে ২৭ হাজার ৬৫০ থেকে ৩ হাজার টাকা, ৭০০ থেকে ৯০০ গ্রাম ওজনের (এলসি) ইলিশ প্রতি কেজি ২ হাজার ৫০ থেকে ২ হাজার ৪০০ টাকা, ৫০০ গ্রাম ওজনের ইলিশ ১ হাজার ৮০০ টাকা এবং ৪০০ গ্রাম ওজনের ইলিশ প্রতি কেজি ১ হাজার ৫০০ থেকে ১ হাজার ৬০০ টাকায় বিক্রি হচ্ছে। ইলিশের দাম নিয়ে পোর্ট রোড ইলিশ মোকামের লিয়া আড়তেরে স্বত্বাধিকারী নাসির উদ্দিন বলেন, স্থানীয় নদীতে ইলিশ নেই বললেই চলে। গত কয়েকদিন ধরে মোকামে দাম ১৫ থেকে ২০ মণ ইলিশ আসছে। অথচ এই সময়ে ৫০০ মণ ইলিশ আসতো। ফলে সরবরাহ কম থাকায় দাম কিছুটা বেশি পড়ছে। মোসার্দ দুলাল ফিশের ম্যানেজার মো. রবিন বলেন, দুইকো বোশি ওভার ও ভরা মৌসুমে পোর্ট রোডের আড়তগুলোয় দিনশেষে ২ হাজার মণ ইলিশ বেচাকেনা হতো। কিন্তু এখন সেই দৃশ্য পুরোপুরি উল্টো। কয়েকদিন ধরে ২০/২৫ মণের ওপর মাছ আসছে না। ফলে চাহিদা থাকলেও আশানুরূপ ইলিশ না মেলায় দাম কিছুটা বেড়েছে। নদীতে ইলিশ ধরা পড়ছে কি না জানতে চাইলে কীর্ডনমোলা নদীর জেলে আসলাম বলেন, নদীতে ইলিশও নেই, জাটকাও নেই। আগাতত ধারদেনায় চলছে। তবে বৃষ্টি হলে মাছও ধরা পড়বে বলে তিনি জানা। কীর্ডনমোলা নদীর আরেক জেলে সাগর বলেন, তিনি নিম্নোক্তালা দেখেই নদীতে নেমেছেন। অদ্য নদীতে ইলিশের দেখা নাই। ইলিশ না গেয়ে এমন চলতে থাকলে জাল বেঁচে দেনা পরিশোধ করতে হবে। মৌসুম শুরু হলেও ইলিশের ধরা প্রসঙ্গে বরিশাল মৎস্য কর্মকর্তা ড. হাদিউজ্জামান বলেন, জুন থেকে ইলিশের মৌসুম শুরু হলেও ভরা মৌসুম জুলাই থেকে শুরু হয়। বৃষ্টি হলেই সাগর থেকে নদীতে ইলিশ আসবে বলে তিনি আশা করেন। কারণ এ বছর মার্চ থেকে এপ্রিল এই দুই মাস ঋতু অপ্রাণ্যে কড়া নজর থাকায় জাটকা নিধন পড়েছে। জাটকা রক্ষায় নদীতে ৩০ জুন পর্যন্ত এবং সাগরে ১১ জুন পর্যন্ত নিম্নোক্তালা চলমান ছিল। তবে এখন ইলিশ ধরায় কোনো বাধা নেই।

‘কবরে জীবিত আছি’ ১৮ দিন

কাজ করতেন। স্থানীয় সূত্রে জানা যায়, গত ২৬ মে ঈদুল আজহার ছুটিতে বাড়িতে আসার পর অসুস্থ হয়ে পড়েন মরিয়ম। পরিবারের লোকজন বাড়িতে রেখে তার চিকিৎসা শুরু করেন। চিকিৎসাধীন অবস্থায় ২৮ মে ঈদের দিন ভোরে নিজ বাড়িতে তার মৃত্যু হয়। পরে ঈদের নামাজ শেষে জানাজা শেষে বাড়ির সামনের মসজিদ প্রাঙ্গণ থেকে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। দাফনের কয়েকদিন পর কবর থেকে সুগন্ধি বের হচ্ছে এমন কথা ছড়িয়ে পড়ে। এরপর বিষয়টি নিয়ে এলাকায় আলোচনা শুরু হয় এবং প্রতিদিন কবর দেখতে ভিড় করেন অনেকে। স্থানীয় পাশ্বেখানা মসজিদের ইমাম আবুল কাশেম জানান, তিনি মরিয়মের জানাজা পড়িয়েছেন। পরিবারের সদস্যদের বরাত দিয়ে তিনি বলেন, মরিয়ম তার ভাই হাসান ও ছোট বোনকে স্বপ্নে জানিয়েছে যে, সে কবরের মধ্যে জীবিত আছে এবং তাকে জীবিত অবস্থায় দাফন করা হয়েছে। পরে বিষয়টি স্থানীয় আলোমদের জানানো হলে তারা এটিকে অবাস্তব বলে জানান। তিনি আরও জানান, কবর থেকে সুগন্ধি বের হওয়ার কথা জানালে স্বজনদের কবরের ওপর পুনরায় মাটি দেওয়ার পরামর্শ দেওয়া হয়। তবে মঙ্গলবার বিকস্লে প্রায় ৩০০ থেকে ৪০০ মানুষের উপস্থিতিতে স্বজনরা কবরটি খুঁড়ে দেখেন। পরে দেখা যায়, মরিয়মের মরদেহে পচন ধরেছে। এরপর পুনরায় মরদেহ আগের অবস্থায় রেখে কবরটি মাটি দিয়ে বন্ধ করে দেওয়া হয়। স্থানীয় বাসিন্দা মো. কানু বলেন, মরিয়মের স্বজনরা তিনি জীবিত আছেন কি না নিশ্চিত হওয়ার জন্য কবর খুঁড়েছেন। তিনি বলেন, কবর খোঁড়ার পর স্বজনরা দেখতে পান মরিয়ম মৃত অবস্থায় আছেন। তবে কবরের ভেতর থেকে কোনো সুগন্ধি পাওয়া যায়নি। প্রতিবেশী লোকমান লাহারি বলেন, মরিয়ম প্রায় ৬-৭ বছর ধরে চট্টগ্রামে গার্মেন্টসে কাজ করতেন। ঈদের ছুটিতে বাড়িতে এসে অসুস্থ হয়ে পড়েন। পরে চিকিৎসার পর ঈদের দিন ভোরে তার মৃত্যু হয় এবং সেদিনই তাকে দাফন করা হয়। এ ঘটনায় স্থানীয়দের মধ্যে নানা আলোচনা তৈরি হলেও মরিয়মের পরিবারের সদস্যরা জানিয়েছেন, সন্দেহ এ দূর করছেই কবর খোঁড়া হয়েছিল। ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ মনিকুল ইসলাম জানান, মরিয়মের স্বজনরা থানায় এসে কবর থেকে সুগন্ধি বের হওয়া এবং স্বপ্নে জীবিত থাকার কথা জানিয়েছিলেন। তিনি তাদের আদালতের অর্মহতি নিয়ে কবর খোঁড়ার কথা বলেছিলেন। তবে কবর খোঁড়ার বিষয়টি তিনি পরে জানতে পেরেছেন।

গৌরনদীতে বকেয়ার কারণে

৫ হাজার টাকা জরিমানা করা হয়। অমায়গ আদালত তাম্বক্ষণিকভাবে জরিমানার অর্থ আদায় করে। এ সময় গৌরনদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তারা বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করেন। অভিযানে দীর্ঘদিন ধরে বিদ্যুৎ বিল বকেয়া থাকা ২৩টি গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, বকেয়া বিল পরিশোধ না করায় এসব সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করা হয়েছে। পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তারা জানান, বিদ্যুতের অপচয়, অবৈধ ব্যবহার ও বকেয়া বিল আদায় নিশ্চিত করতে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে। তারা গ্রাহকদের নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ এবং বৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের আহ্বান জানান। স্থানীয় সূত্রে জানা গেছে, অভিযানের ফলে এলাকায় বিদ্যুৎ ব্যবহারে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে ইতিবাচক প্রভাব পড়বে বলে আশা করা হচ্ছে।

মেহেন্দিগঞ্জ থানা বরিশাল

থানা পুলিশের সামাজিক কর্মকাণ্ডের ভিত্তিতেই এই স্বীকৃতি দেওয়া হয়। ওসি মোঃ মমিন উদ্দিন দায়িত্ব গ্রহণের পর থেকে মাদকের বিরুদ্ধে জিরো টোলারেপ নীতিতে কাজ করছেন। তার নেতৃত্বে থানা পুলিশ নিয়মিত অভিযান পরিচালনা করে মাদক ব্যবসায়ী গ্রেফতার, মাদক উদ্ধার এবং মাদকমুক্ত সমাজ গড়তে কাজ করে যাচ্ছেন। পাশাপাশি এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, জননিরাপত্তা নিশ্চিতকরণ ও সেবার মানোন্নয়নেও প্রশংসনীয় ভূমিকা রাখছে থানা পুলিশ। পুরকায় গ্রহণের পর ওসি মোঃ মমিন উদ্দিন বলেন, এই স্বীকৃতি মেহেন্দিগঞ্জ থানার প্রতিটি সদস্যের কঠোর পরিশ্রম ও আন্তরিকতার ফল। পুলিশ সুপার ন্যায়ের দিকনির্দেশনা এবং মেহেন্দিগঞ্জবাসীর সহযোগিতা ছাড়া এই অর্জন সম্ভব ছিল না। মাদকমুক্ত ও নিরাপদ মেহেন্দিগঞ্জ গড়তে আমাদের অভিযান অব্যাহত থাকবে। মেহেন্দিগঞ্জ থানার এই অর্জনে শুধি স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকাবাসী। তারা আশা প্রকাশ করেন, ওসি মমিন উদ্দিনের নেতৃত্বে মেহেন্দিগঞ্জ আরও নিরাপদ ও মাদকমুক্ত হবে ইশাআল্লাহ।

গলাচিপায় হেরোইনসহ দুই

পরাবর্তীতে তাদের দেহ স্ফাশি চালিয়ে ১০ (দশ) পুরীয়া হেরোইন উদ্ধার করা হয়। আটককৃতরা হলেন জাহিদুল হাসান লোকমান (৩৫) ও মোঃ বশির হাওলাদার (৪০)। স্থানীয়দের মতে, ডিবি পুলিশের এ ধরনের অভিযান এলাকায় মাদক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এবং তারা এ প্রকল্পে আরও জোরদারের দাবি জানিয়েছেন। পুলিশ সূত্রে আরও জানা যায়, আটককৃতরা দীর্ঘদিন ধরে এলাকায় মাদকদ্রব্য ক্রয়-বিক্রয়ের সঙ্গে জড়িত ছিল এবং তাদের বিরুদ্ধে পূর্বেও অভিযোগ রয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে তাদের গতিবিধি পর্যবেক্ষণ করে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযান শেষে উদ্ধারকৃত হেরোইন জন্দ করা হয় এবং আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। এ বিষয়ে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) জানিয়েছে, মাদকের বিরুদ্ধে চলমান অভিযানের অংশ হিসেবে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। জেলার বিভিন্ন এলাকায় মাদক ব্যবসায়ীদের চিহ্নিত করে আইনের আওতায় আনার কার্যক্রম জোরদার করা হয়েছে।

১০ বছর ধরে পলাতক হত্যা

জানায়, এক দশক ধরে আত্মগোপনে থাকা মনির খানকে গ্রেপ্তারের পর প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে। এরপর তাকে চট্টগ্রামের ইপিজেড থানায় হস্তান্তর করা হবে। এ বিষয়ে এসআই আব্দুস সাভার বলেন, মো. মনির খানের বিরুদ্ধে চট্টগ্রামের ইপিজেড থানায় একটি হত্যা মামলা রয়েছে। আদালতের জারি করা গ্রেপ্তার পরোয়ানার ভিত্তিতে তাকে আটক করা হয়েছে। তিনি আরও জানান, আদালতেরে পরোয়ানায়জ্ঞ ও বিভিন্ন মামলার পলাতক আসামিদের গ্রেপ্তারে পুলিশের অভিযান নিয়মিতভাবে অব্যাহত রয়েছে।

ভান্ডারিয়ায় বর্জ্য পুড়িয়ে পরিবেশ

মাজিরা।স্টেট মোঃ হাসিবুল হাসান ও ডায়ামণ আদালত পরিচালনা করেন। আদালত সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে টিএন্টি সভকর পায়ে অর্ধেকভাবে তার, প্রাস্টিক ও বর্জ্য পদার্থ পুড়িয়ে আসছিলেন ওই ভান্ডারি ব্যবসায়ী। এর ফলে নির্গত বিষাক্ত ধোঁয়ায় চারপাশের পরিবেশ মারাত্মকভাবে দূষিত হচ্ছিল,এর এলাকার কোমদমতি শিশুরা,বয়স্ক মুরকিরা নানা ধরনের অসুখে ভুগছিলেন, এবং স্থানীয় বাসিন্দা ও পথচারীদের জনস্বাস্থ্য ঝুঁকির মুখে পড়ছিল।অত্র এলাকার জনসাধারণ উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মহোদয় কে ধন্যবাদ জানিয়ে বলেন,এই পরিবেশ দূষণের অভিযানের ফলেই সব সময় অব্যাহত থাকে।তাহলে অত্র এলাকার জনসাধারণ কিছুটা হলেও স্বাস্থ্য ঝুঁকি থেকে রক্ষা পাবে। স্থানীয়দের অভিযোগের প্রেক্ষিতে আজ দুপুরে সেখানে অভিযান চালানো হয়। অভিযানকালে পরিদেপ দূষণের হােনোতে প্রমাণ মেলায় এবং অপ্রাণ্য স্বীকার করার অস্থিত্ত্ব ব্যবসায়ীকে (২০২২, ১২ এর ক ধারায়) পরিদেপ সংরক্ষণ ও জনস্বাস্থ্য রক্ষায় সংশ্লিষ্ট আইনে ১৫ দিনেরে বিনাশ্রম কারাদন্ দেওয়া হয়। অভিযান শেষে দগ্ধপ্রাণ অসুস্থ ব্যবসায়ীকে এসআই সিদ্দিকুর রহমানেৱ তত্ত্বাবধানে, কারাগারে পাঠানোর প্রক্রিয়া চলছে।

সেপটিক ট্যাংককে নেমে

গ্যাসের কারণে তাদের মৃত্যু হতে পারে। তবে প্রকৃত মৃত্যুর কারণ তদন্তের পর নিশ্চিত হওয়া যাবে। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিকুজ্জামান বলেন, ঘটনটি সম্পর্কে অবগত হয়েছি। তদন্তের পর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।’

বরিশালে অটোরিকশা চালককে হত্যার

হাওলাদারের ছেলে। এর আগে গত ১৫ জুন সোমবার নগরীর কাজিগিরা নদীর পূর্ব পাড় থেকে ভাসমান অবস্থায় অটোরিকশাচালক নাজমুলের মরদেহ উদ্ধার করে পুলিশ। তিনি বরিশাল সদর উপজেলার রায়পাশা-কড়াপুর ইউনিয়নের মার্ককাটি এলাকার বাসিন্দা আব্দুল রশিদ মোল্লার ছেলে। স্থানীয়রা জানিয়েছে, গত শনিবার (১৩ জুন) সকালে প্রতিদিনের মতো অটোরিকশা নিয়ে বাড়ি থেকে বের হন নাজমুল। দুপুর থেকে নাজমুলের ফোনে একাধিকবার ফোন দেওয়া হলে তিনি রিসিভ করেনি। পরে স্বজনরা বিভিন্ন স্থানে খোঁজাফুঁজি

করেও তার কোনো সন্ধান পাননি। পরবর্তীতে রোববার (১৪ জুন) নিহতের বাবা আব্দুল রশিদ মোল্লা বরিশাল এয়ারপোর্ট থানায় একটি সাধারণ ডায়েরি করেন। বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল মেট্রোপলিটন পুলিশের ভারপ্রাপ্ত কমিশনার (উপ-পুলিশ কমিশনার ক্রাইম ম্যানেজমেন্ট) আব্দুল হান্নান জানান, মরদেহ উদ্ধারের ঘটনায় মিরাজ নামের একজনের সম্পৃক্ততা পাওয়া গেছে। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সিআইডি টিম আলামত সংগ্রহের কাজ চলছে। ঘটনার সঙ্গে আরও যারা জড়িত তাদের গ্রেফতারের চেষ্টা চলছে। ঘটনা জানার পর স্থানীয় বিক্ষুব্ধ জনতা অভ্যুত্থানের বাড়িঘরে অগ্নিসংযোগ করেছে। ঘটনার তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

প্রতিদিন বাড়ছে ডেঙ্গু

জন্ম ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে স্বাস্থ্য বিভাগ। বর্তমানে সদর হাসপাতালসহ বিভিন্ন স্বাস্থ্য কমপ্লেক্সে ১৫ ডেঙ্গু রোগী ভর্তি আছেন। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, ডেঙ্গু প্রতিরোধে শুধু সরকারি উদ্যোগ নয়, নাগরিকদের সক্রিয় অংশগ্রহণও জরুরি। বাসাবাড়ি ও আশপাশে জমে থাকা পানি অপসারণ এবং পরিষ্কৃত পরিবেশ নিশ্চিত না করলে পরিস্থিতি আরও জটিল হতে পারে। স্থানীয় একজন মদ্রম, পৌসভা থেকে ময়লা নেয়ার জন্য কোনো গাড়ি আসে না। তাই দিনের পর দিন ময়লা পড়ে থাকে, ফলে রোগ বলাই ছড়ায়। বালকাটি স্কুলে পাঠেছা সম্পাদক ইসমাইল মুহাফির বলেন, এই পরিস্থিতি থেকে মুক্তি পেতে হলে আমরা আমাদের বাড়ির চারপাশ পরিষ্কার রাখতে হবে। চলতি মৌসুমে কারো জ্বর, মাথাব্যথা কিংবা শরীর ব্যথার মতো উপসর্গ দেখা দিলে দ্রুত পরীক্ষা করানোর পরামর্শ দিয়েছেন চিকিৎসকরা। বালকানার সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. মাসুম ইফতেখার বলেন, আমাদের প্রকৃতি ভালো আছে। আর আমরা হাসপাতাল একটি ডেঙ্গু ওয়ার্ড খোলা হয়েছে। স্বাস্থ্য বিভাগ বলছে, ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে নজরদারি বাড়ানো হয়েছে। পাশাপাশি মশার প্রজননস্থল ধ্বংসে অভিযান এবং জনসচেতনতামূলক কার্যক্রমও জোরদার করা হচ্ছে। বালকাটি জেলা সিভিল সার্জন ডা. ছায়াুন কবির বলেন, ডেঙ্গু প্রতিরোধের জন্য আমরা জেলা প্রশাধকর সঙ্গে আলোচনা করেছি। আর জেলার ৭টা ডেঙ্গু ইউস্পোড চিহ্নিত করা হয়েছে। আর জনগণকে সচেতন করার জন্য লিফলেট বিতরণ করা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে স্বাস্থ্য বিভাগে পদসংপের কথা বললেও আক্রান্তের সংখ্যা বাড়তে থাকায় উৎথন বাড়ছে সাধারণ মানুষের। বিশেষজ্ঞদের মতে, ব্যক্তিগত সচেতনতা, পরিষ্কৃত পরিবেশ নিশ্চিত করা এবং মশার বংশবিস্তার রোধে সমাধি উদ্যোগই পারে ডেঙ্গুর বিস্তার কমাতে।



কাউখালীতে ত্রয়কৃত পন্যের পাওনা টাকা পরিশোধ

এবারের এল নিনো হতে পারে
ইতিহাসের সবচেয়ে ভয়ংকর

কীর্তনখোলা ডেস্ক

বিশ্বজুড়ে আবহাওয়া ব্যবস্থায় বড় ধরনের পরিবর্তন আনতে সক্ষম জলবায়ুগত ঘটনা এল নিনো আবারও শুরু হয়েছে। গত ১১ জুন যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ওশেনিক অ্যান্ড অ্যাটমোসফেরিক অ্যাডমিনিস্ট্রেশন (এনওএএ) নতুন ৩ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ বৃহস্পতিবার ৯ ১৮ জুন ২০২৬ ৯ ০৪ আষাঢ় ১৪৩৩

মসজিদে আগুন দিয়ে হিব্রুতে স্লোগান
লিখে গেলেন ইসরায়েলিরা

কীর্তনখোলা ডেস্ক

ফিলিস্তিনের অধিকৃত পশ্চিম তীরের মধ্যাঞ্চলীয় শহর রামাত্তার উত্তরে অবস্থিত জিলজিলিয়া ও মাজরা আল-নুবাঈ গ্রামে দুটি মসজিদে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। স্থানীয় সূত্রের বরাতে জানা গেছে, বুধবার ইসরায়েলি বসতি ৩ এর পাতায় দেখুন



বরিশালে অর্থনৈতিক শুমারি বিষয়ক সেমিনারে বক্তৃতা রাখেন বিভাগীয় কমিশনার খলিল আহমেদ-কীর্তনখোলা

ইলিশ নেই আড়তে, অলস সময় কাটছে মালিক-শ্রমিকদের

কীর্তনখোলা রিপোর্ট

‘আগে এমন সময় ইলিশে সরলাব থাকত। পোট রোড মৎস্য অবতরণ কেন্দ্র। ক্রেতা-বিক্রেতার মুখের থাকত প্রতিটি আড়ত। কিন্তু এক মাসের বেশি সময় ধরে বরিশালের সবকটি আড়ত মিলিয়েও ২০ থেকে ২৫

মণ ইলিশ আসছে না। আর আশানুরূপ ইলিশের আমদানি না থাকায় আগের তুলনায় দাম বেড়েছে অনেকটা।’ বরিশাল নগরীর পোটরোড পাইকারি মৎস্য অবতরণ কেন্দ্রে এসব কথা বলছিলেন পোটরোড মৎস্য অবতরণ কেন্দ্রের মালিক-

সমিতির সাবেক অর্থ সম্পাদক ইয়ার হোসেন শিকদার। তিনি আরও বলেন, ‘আমাদের মোট ১৭০টি আড়তে ভরা মৌসুমে আগে প্রতিদিন ৫০০ থেকে ১ হাজার মণ ইলিশ আসতো। সেখানে এখন ২০-২৫ মণ পর্যন্ত মাছ ৩ এর পাতায় দেখুন



সেপটিক ট্যাংকে নেমে দুই শ্রমিকের মৃত্যু

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর কমলাপুরে সেপটিক ট্যাংকে কাজ করতে নেমে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। বুধবার (১৭ জুন) সকালে উপজেলার চৌদরুড়িয়া এলাকায় এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- চৌদরুড়িয়া এলাকার শিকদার বাড়ির আব্দুর রাজ্জাক ফকিরের ছেলে মোহাম্মদ নূহ (২৫) এবং একই এলাকার মোহাম্মদ আশরাফ চৌকিদার নূহ (২৫)। স্থানীয়রা জানান, বাথরুমের জন্য নির্মাণ করা নতুন সেপটিক ট্যাংকের ভেতরে কাজ করার সময় প্রথমে নূহ অসুস্থ হয়ে ট্যাংকের ভেতরে পড়ে যান। পরে তাকে উদ্ধার নামেন আশরাফ মোল্লা। এক পর্যায়ে তিনিও ট্যাংকির ভেতরে অচেতন হয়ে পড়েন। পরে স্থানীয় লোকজন ট্যাংকের একটি অংশ ভেঙে দুজনকে বাইরে নিয়ে আসেন। তবে উদ্ধারের আগেই তাদের মৃত্যু হয়। স্থানীয়দের ধারণা, ট্যাংকির ভেতরে জমে থাকা বিষাক্ত ৩ এর পাতায় দেখুন

ভাভারিয়ায় বর্জ্য পুড়িয়ে পরিবেশ দূষণ: ব্যবসায়ীর কারাদণ্ড

ভাভারিয়া প্রতিনিধি

পিরোজপুর জেলার ভাভারিয়া পৌর শহরে টিএনটি সড়কের আকন বাড়ির সামনে রাস্তার পাশে তার এবং গ্রাস্টিক বর্জ্য পদার্থ, পুড়িয়ে পরিবেশ দূষণ ও জনস্বাস্থ্যের ক্ষতি করার অপরাধে মোঃ মিলন,



পিতাঃ কালা দাউয়া, গোপালগঞ্জ,কোটালীপাড়া নামের এক ভাভারি ব্যবসায়ীকে (২০২২,১২এর ক ধারায়) ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে। বুধবার (১৭ জুন ২০২৬) ভাভারিয়া উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও নির্বাহী ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএসভি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

২৫ দিন ক্লাস-পরীক্ষা বন্ধ রেখে আন্দোলন শেষে অভিন্ন নীতিমালাই মানলেন শিক্ষকরা

কীর্তনখোলা রিপোর্ট

‘অভিন্ন নীতিমালা’ বাতিলের দাবিতে দীর্ঘদিন ধরে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত শিক্ষকদের ক্লাস-পরীক্ষা বন্ধ রেখে কঠোর আন্দোলন করেছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শিক্ষকরা। ১২৭ জন শিক্ষক সম্মতি প্রকাশ

নিয়েছেন তারা। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত শিক্ষকদের পদোন্নতির এ ‘অভিন্ন নীতিমালা’ মেনে নিয়ে গত বুধবার (১০ জুন) বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত ১২৭ জন শিক্ষক সম্মতি প্রকাশ

করেছেন। শিক্ষকদের এ সম্মতি স্বাক্ষর পত্রের একটা কপি এ প্রতিবেদকের হাতে এসেছে। এর আগে নিজদের বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান নীতিমালার অধীনে পদোন্নতির দাবি এবং ইউজিসির নতুন নীতিমালা বাতিলের পক্ষে গত ৩ এর পাতায় দেখুন

‘কবরে জীবিত আছি’ ১৮ দিন পর খুঁড়লো তরুণীর কবর

ভোলা প্রতিনিধি

ভোলার উপজেলার মৃত্যুর ১৮ দিন পর মরিয়ম নামে এক তরুণীর কবর খুঁড়েছেন তার স্বজনরা। কবরের ভেতরে তিনি জীবিত আছেন এমন স্বপ্ন দেখেছেন বলে দাবি এবং কবর থেকে সুগন্ধি বের হওয়ার গল্পনের পর এ ঘটনা ঘটে। বিষয়টি জানান জানি হলে সন্তান ছিলেন। তিনি চট্টগ্রামে একটি গার্মেন্টসে এলাকায় ব্যাপক চাকরির সৃষ্টি হয়। মঙ্গলবার (১৬ পোশাক শ্রমিক হিসেবে ৩ এর পাতায় দেখুন



ভোলায় গৃহবধূর রহস্যজনক মৃত্যুর ঘটনায় স্বামীসহ গ্রেফতার ৩

ভোলা প্রতিনিধি

ভোলার ভাড়া বাসায় সুমাইয়া আক্তার মিত্র (২১) নামে এক গৃহবধূর রহস্যজনক মৃত্যুর ঘটনায় মামলা দায়েরের পর চট্টগ্রামে অভিযান চালিয়ে আত্মগোপনে থাকা তিন আসামিকে গ্রেপ্তার করেছেন র‍্যাপিড আকশন ব্যাটেলিয়ন (র‍্যাব)। গ্রেপ্তারকৃতরা হলেন মামলার প্রধান আসামি ও গৃহবধূর স্বামী মো. সোহাগ, শাহজিৎ কোহিনুর বেগম এবং নন্দন মুক্তা আক্তার। বুধবার (১৭ জুন) দুপুর ১২টার দিকে বিষয়টি নিশ্চিত করেন র‍্যাব-৮-এর ভোলা ক্যাম্প কমান্ডার মেজর রওশন জাহান শুভ। এর আগে, মঙ্গলবার রাত সাড়ে ১১টার দিকে তাদেরকে গ্রেপ্তার করা হয়। মেজর রওশন জাহান শুভ বলেন, র‍্যাব-৮ ভোলা ক্যাম্পের সার্বিক দিক নির্দেশনায় এবং র‍্যাব-৭ চট্টগ্রামের একটি টেকস আভিযানিক দলের সহযোগিতায় চট্টগ্রামে যৌথ অভিযান পরিচালনা করে তাদেরকে গ্রেপ্তার করা ৩ এর পাতায় দেখুন



চ্যালেঞ্জ পূরণ, আর্জেন্টিনা জিততেই মাথা ন্যাড়া করলেন ব্রাজিল সমর্থক

লালমোহন প্রতিনিধি

সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া নিজের চ্যালেঞ্জ পূরণ করে আলোচনায় এসেছেন ভোলার ব্রাজিল সমর্থক ও কনটেক্ট ক্রিকেটর হুদয় হোসেন। বিশ্বকাপে আর্জেন্টিনা ও আলজেরিয়ার মধ্যকার ম্যাচকে ঘিরে তিনি খোষা দিচ্ছেন, আর্জেন্টিনা জয়ী হলে তিনি নিজের মাথার চুল কেটে ফেলবেন। ম্যাচে আর্জেন্টিনা জয়লাভ করার পর নিজের দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী চুল কেটে ফেলেন হুদয় হোসেন। পরে সেই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করলে তা দ্রুত ছড়িয়ে পড়ে এবং ফুটবলপ্রেমীদের মধ্যে ব্যাপক আলোচনার জন্ম দেয়। জানা গেছে, হুদয় হোসেন ভোলা জেলার লালমোহন উপজেলার লার্ড হার্ডিঞ্জ ইউনিয়নের বাসিন্দা এবং একজন কনটেক্ট ক্রিকেটর। ভিডিওতে তাকে নিজের ৩ এর পাতায় দেখুন



১০ বছর ধরে পলাতক হত্যা মামলার আসামি গ্রেপ্তার

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে চট্টগ্রামের ইপিজেড থানায় দায়ের হওয়া একটি হত্যা মামলার ১০ বছর ধরে পলাতক থাকা আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার মো. মলির খান (৩৫) উপজেলার নাজিরপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ডালিমা গ্রামের বাসিন্দা। তিনি সুলতান খানের ছেলে। পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার (১৭ জুন) অভিযান পরিচালনা করে এসআই আব্দুস সাত্তার ও কনসেবল মো. মহিউদ্দিনের নেতৃত্বে পুলিশের একটি দল উপজেলার চন্দ্রদ্বীপ ইউনিয়নের খোয়াখাট এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে চট্টগ্রামের ইপিজেড থানায় দায়ের হওয়া হত্যা মামলার জিআর নং-১৯৮/১৫ পরোয়ানি রয়েছে। পুলিশ ৩ এর পাতায় দেখুন



মেহেন্দিগঞ্জ থানা বরিশাল জেলার শ্রেষ্ঠ থানা মনোনীত

নুরে রাশি নাইম, মেহেন্দিগঞ্জ

মাদক নির্মূল ও আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে অসামান্য ভূমিকা রাখায় মে/২০২৬ মাসের সামগ্রিক পারফরম্যান্সের ভিত্তিতে মেহেন্দিগঞ্জ থানা বরিশাল জেলার শ্রেষ্ঠ থানা হিসেবে মনোনীত হয়েছেন। এই অর্জনের স্বীকৃতি স্বরূপ মেহেন্দিগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোঃ মমিন উদ্দিনকে ক্রেস্ট প্রদান করা হয়। বরিশাল জেলা পুলিশের মাসিক অপরূহ পর্যবেক্ষণ সভায় পুলিশ সুপার এ. জেড. এম. মোস্তাফিজুর রহমান, পিপিএম মেহেন্দিগঞ্জ থানার ওসি মোঃ মমিন উদ্দিনের হাতে এই সম্মাননা ক্রেস্ট তুলে দেন। শৃঙ্খলা, নিরাপত্তা, প্রগতি- এই মূলমন্ত্রে কাজ করে যাওয়া মেহেন্দিগঞ্জ ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে বকেয়ার কারণে ২৩ সংযোগ বিচ্ছিন্ন

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলায় বিদ্যুৎ ব্যবহারে অনিয়মের অভিযোগে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এক গ্রাহককে ৫ হাজার টাকা জরিমানা একই সঙ্গে বিদ্যুৎ বিল বকেয়া থাকায় আরও ২৩টি সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। মঙ্গলবার বিকেলে গৌরনদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর উদ্যোগে পরিচালিত বিশেষ অভিযানে নির্বাহী ম্যাজিস্ট্রেট মেহেন্দি হাসানের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে উপজেলার নন্দনপট্টি গ্রামের রবিউল সরদার (পিতা: মিজান সরদার) এর বিরুদ্ধে বিদ্যুৎ সংযোগ ব্যবহার সংক্রান্ত অনিয়মের প্রমাণ পাওয়া গেলে তাকে ৩ এর পাতায় দেখুন



লায়ন্স ডিস্ট্রিক্ট ৩১৫ এ১-এর রিজিওন চেয়ারপার্সন হলেন লায়ন উমার রাযী

কীর্তনখোলা রিপোর্ট

লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল, ডিস্ট্রিক্ট ৩১৫ এ১, বাংলাদেশ-এর ২০২৬-২০২৭ লায়নিস্টিক বছরের জন্য ‘রিজিওন চেয়ারপার্সন (গ্রেজিট)’ হিসেবে মনোনীত হয়েছেন লায়ন উমার রাযী। সম্প্রতি ডিস্ট্রিক্ট গভর্নর (ইলেক্ট) লায়ন নওজাত সারওয়ারত ইসলাম, পিএমজেএফ-এর হাত থেকে তিনি আনুষ্ঠানিকভাবে নিয়োগপত্র গ্রহণ করেন। এই বিশেষ আয়োজনে উপস্থিত ছিলেন ফার্স্ট ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর (ইলেক্ট) ড. আবুল হোসেন খন্দকার এবং সেকেন্ড ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর (ইলেক্ট) সারিমা সিদ্দিকী রিতা। উল্লেখ্য, সারিমা সিদ্দিকী রিতা ঢাকা-১৯ (সোভার-আর্জলিয়া) ৩ এর পাতায় দেখুন



এইচআইডি সংক্রমণের ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী ও এইচআইডি আক্রান্ত ব্যক্তিদের মানবাধিকার, গোপনীয়তা এবং নৈতিক স্বাস্থ্যবিষয়ক সংবাদ পরিবেশনে সচেতনতা বাড়াতে বরিশালে কর্মশালা -কীর্তনখোলা

গলাচিপায় হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপা উপজেলার অভিযান চালিয়ে ১০ পুরিয়া হেরোইনসহ দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ। জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে পটুয়াখালী জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশের একটি অভিযানিক দল মঙ্গলবার (১৬ জুন ২০২৬) বিকেল ৩ টা ১৫ মিনিটের সময় গলাচিপা থানাধীন ছেলাবুনিয়া গ্রামের বাড়ুরা বাজার এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানে সন্দেহভাজন দুই ব্যক্তিকে আটক করা হয়। ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com